অমৃতবাজারপত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৮৷, ডাক মাশুল ১৷৹, ষাণ্মাসিক ৪৲, ডাকমাশুল ৸৹, ত্রৈমাসিক ৩, ডাক মাশুল ।৵৹ আনা। অনগ্রিম বার্ষিক ১০৷৹, ডাক মাশুল ১৷৹টাকা প্রতি খণ্ড ।৵। বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵৹, চতুর্থ ও ততোধিকবার ৵৹আনা। ইংরেজী প্রতি পংক্তি ।৹ আনা।

১০ম ভাগ } কলিকাতাঃ—১২ই আশ্বিন—বৃহস্পতিবার, সন ১২৮৪ সাল। ইং ২৭এ সেপ্টেম্বর ১৮৭৭ খৃঃঅব্দ } ৩৩ সংখ্যা

বিজ্ঞাপন।

NOTICE.

NORTHERN BENGAL STATE RAILWAY.

The line is now open to the public from Julpiguri to Atrai, a distance of 134 miles.

From Atrai to Kushtia and Goalunda, there is good water communication, boats taking from two to four days in making the journey

As the arrangements for the shelter of goods are temporary only, the right of limiting the amount registered for transport is reserved

G. Lindsay

Saidpur, the 20th Augt. 1877. } Major R. E. Engineer in Chief. Northern Bengal State Ry.

৩৪ সং

কমিসন এজেণ্ট।

চাটুর্য্য ব্রাদার্শ এবং কোং ১৮৭৭ সালে ১৩ই আগষ্ট হইতে ভিন্ন ভিন্ন দেশীয় মহারাজ বাহাদুর, জমিদার, ও দোকানদারদিগের সর্ব্ব প্রকার আবশ্যকীয় দ্রব্যাদি সকল লইয়া খরিদ করিতে প্রস্তুত হইয়াছেন। যাঁহাদিগের চাটুর্য্য ব্রাদার্শ দ্বারা দ্রব্যাদি খরিদ হইবে, তাহাদিগের খরিদ যাহাতে সুলভ মূল্যে উত্তম দ্রব্যাদি হয়, তদ্বিষয়ে বিশেষ যত্নবান থাকিবেন। কমিসন শত করা ৫ টাকা হিসাবে। ৫০০ শত টাকার অধিক হইলে স্বতন্ত্র বন্দবস্ত হইতে পারিবে।

নিয়ম।

অরডার সহিত সমুদায় টাকা বা অরডারের চতুর্থাংশ পাঠাইলে দ্রব্যাদি খরিদ করিয়া পাঠান হইবে এবং ৪০ দিন মুদ্দতে হুণ্ডি কাটিয়া অবশিষ্ট টাকা কলিকাতায় লওয়া হইবে।

আমাদিগের ম্যানেজার শ্রীযুক্ত বাবু দুর্গাচরণ চট্টোপাধ্যায়ের নামে পত্রাদি লিখিবার নিয়ম

চাটুর্য্য ব্রাদার্শ এবং কোং

৪১ নং মলঙ্গা লেন বহুবাজার

কলিকাতা।

ব্রহ্মচরী দত্ত মহৌষধ।

জ্বর প্লীহা যকৃৎ অগ্রমাশ মেলেরিয়া জ্বর পুরাতন জ্বর দোকালিন জ্বর মেহ ঘটিত জ্বর কুষ্ঠব্যাধি রক্তপিত্ত বহুমূত্র সকল প্রকার বাত পারাঘটিত রোগ স্ত্রীলোকের বাধক বেদনা প্রদর সকল রকমের পুরাতন সোগ্ঘা এবং পিশি পীড়া অম্বল শূল গ্রহিনী রক্ত আমাশায় এই সকল রোগ উত্তম রূপ আরাম হইবেক।

শ্বেত কুষ্ঠ রোগের মহৌষধ। ইহার দ্বারায় এক মাহার মধ্যে ব্যারাম নিশ্চয় আরোগ্য হইবেক। যদ্যপি বেশী দিনের ব্যারাম হয় তাহা হইলে দুই মাহার মধ্যে নিশ্চয় আরোগ্য হইবেক।

ইহার ২০ আউন্স মলমের মূল্য ১ টাকা

এবং ২১ রোজ সেবনের ঔষধের মূল্য ১ টাকা

যাঁহার প্রয়োজন হইবে পটলডাঙ্গার হিন্দু কলেজের পূর্ব্ব বেনেটোলা লেনের মধ্যে শ্রীমতিলাল বসুর বাটীতে প্রাতে ১১ টা পর্য্যন্ত এবং পুরাতন চিনাবাজারের আরমানি গিরজার নিকট উক্ত বসুর ২১ নং ছাতার দোকানে বেলা এগারোটা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত তদন্ত করিবা মাত্র পাইবেন, উপরের লিখিত সমস্ত ঔষধের মূল্য ১ এক টাকা মাত্র।

৯ মাহার মধ্যে ৬০০৭ সহস্র শূল রোগী উত্তম রূপ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীমতিলাল বসু।

৪০

চিকিৎসাতত্ত্ব ও চিকিৎসা প্রকরণ

অর্থাৎ

প্রিন্সিপল্‌স এণ্ড প্র্যাকটিস্‌ অব মেডিসিন। শ্রীযুক্ত গঙ্গা প্রসাদ মুখোপাধ্যায় বি, এ, এম, বি, সঙ্কলিত। একত্র দুই খণ্ড সুপার রয়েল ফর্মার ১১১০ পৃষ্ঠায় তৃতীয়বার মুদ্রিত। এই সংস্করণে ইহার বিষয় সকল পরিবর্দ্ধিত, সংশোধিত ও কোন ২ অংশ পুনরায় সঙ্কলিত হইয়াছে। মূল্য ১২৸৹ মাত্র। ডাক মাশুল দশ আনা মাত্র। ইহা কলিকাতা লাল বাজার হিন্দু হষ্টেলে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের ও ভবানিপুরে শ্রীযুক্ত বাবু গঙ্গা প্রসাদ মুখোপাধ্যায়ের নিকট পাওয়া যায়।

৩৪ সং

অর্শ রোগের

অব্যার্থ

মহৌষধ !!!

শ্রীকরালচন্দ্র চট্টোপাধ্যায়

৪৮ নং মলঙ্গ লেন

বহুবাজার

কলিকাতা।

চিতোর চাতকিণী।

অদ্ভুত ঐতিহাসিক অখ্যায়িকা।

প্রতি শুক্রবারে এক ফরমা করিয়া প্রকাশিত ২০ ফরমা প্রকাশ হইয়াছে। মূল্য ফরমা প্রতি ১০ দুই পয়সা মাত্র। মফঃস্বলের গ্রাহকগণের প্রতি অর্দ্ধ আন হিসবে ডাক মাস্থল লাগিবে। কলিকাতা ৭১ একাত্তর নম্বর করনোওয়ালিস ষ্ট্রিট, রাজকীয় যন্ত্রালয় শ্রীশ্রীশচন্দ্র ভট্টাচার্য্যের নিকট প্রাপ্তব্য।

সুলভ সুলভ। অতি সুলভ!!

আমরা বিলাত হইতে অত্যুত্তম বিরিচ্‌ লোডাং মজেল লোডার বন্দুক, রায়ফল, পিস্তল, ৫ নাগাৎ ২০ নলি রিভলবার, বারুদ, ক্যাপ, টোটা ও শীকারের সকল প্রকার সরঞ্জম অতি সুলভ মূল্যে বিক্রয়ার্থে আমদানি করিয়াছি। যাঁহার প্রয়োজন হইবেক নিম্ন লিখিত স্থানে তত্ত্ব করিলে পাইবেন। আর বন্দুকাদি সকল প্রকার অস্ত্র মেরামত অতি সুলভ মূলে ও সুচারুরূপে সম্পাদিত হইতেছে।

ডিঃ এন্‌ বিশ্বাস কোং

নং ৩২ লালদিঘির দক্ষিণ

কলিকাতা।

ডাক্তার জি হায়াসা এমডী।

বিখ্যাত ডাক্তার ভন গ্রায়াইফের ছাত্র, সকল প্রকার চক্ষু রোগের চিকিৎসক। ৩ নং চৌরিঙ্গি লেনের বাটিতে প্রাতে ৯৷টা নাগাত ১০৷টা ও বৈকালে ৩টা হইতে ৫টা পর্য্যন্ত চিকিৎসার সময়। যাঁহারা অসমর্থ তাহাদিগকে এস্‌প্লানেড রো ১২নম্বর বাটীতে প্রাতঃকালে সাড়ে সাতটা হইতে ৯টা পর্য্যন্ত দেখিবার সময়।

কেরি সাহেবের কৃত ইংরাজি হইতে বাঙ্গলা ডিক্সনারি (ইংরাজি কথার বাঙ্গলা মানে দেখিবার জন্য ২ নং) এবং উমাচরণের কৃত বঙ্গলা হইতে ইংরাজি (বাঙ্গলা কথার ইংরাজি মানে দেখিবার জন্য বা তরজমার নিমিত্ত ১নং) এই (দুই রকম কেতাব অতি উত্তম (রাখা আবশ্যক।) ১নং দর ৩ টাকা বাদ ৷৹ আনা নেট ২৷৹ ডাক ।৵৹ ২নং ঐ ঐ—বাদ ৷৵৹ — ঐ— ২।৵৹ ডাক ঐ দরকার হইলে কালিধন বন্দ্যোপাধ্যায়ের নিকট পত্র পাঠালে পাইবেন। ৫৬নং পুরাতন চিনাবাজার কেতাবের দোকান)

Required for the service of the District Roadcess Committee of Rungpore two qualified Sub-overseers. Salaries including all allowances Rupees 37–8 and 50 per. mensem. Apply furnishing copies of testimonials and stating qualifications.

James Robinson C. E.
Executive Engineer,
District Engineer,
Rungpore.

বিজ্ঞাপন।

যাঁহারা মান্দ্রাজ ও বোম্বাই প্রদেশের দুর্ভিক্ষ উপশমের নিমিত্ত সাহায্য করিতে মানস করেন তাঁহারা কলিকাতা আদি ব্রাহ্ম সমাজে পাঠাইয়া দিলে দুর্ভিক্ষগ্রস্ত দেশে তাহা প্রেরিত হইবেক। যৎকিঞ্চিৎ সাহায্য প্রেরণ করিলেও তাহা ধন্যবাদের সহিত গৃহীত হইবেক।

আদি ব্রহ্ম সমাজ কলিকাতা ১৭৯৯ শক ৭ই আশ্বিন। } শ্রীজ্যোতিরিন্দ্র নাথ ঠাকুর সম্পাদক।

বিজ্ঞাপন।

আগামী ১৩ই আশ্বিন শুক্রবার সন্ধ্যা ৭ সাতটার সময় আদি ব্রাহ্ম সমাজে মান্দ্রাজ ও বোম্বাইয়ের দুর্ভিক্ষ উপশম উপলক্ষে ব্রহ্মোপাসনা ও তৎপরে দান সংগৃহীত হইবেক।

আদি ব্রাহ্ম সমাজ কলিকাতা ১৭৯৯ শক ৭ই আশ্বিন। } শ্রী জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুর সম্পাদক।

ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে।

স্পিসিয়াল ক্লাস গুডস্ রেটস অর্থাৎ

বিশেষ শ্রেণী মালের ভাড়া।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আগামী ১৮৭৭ সালের ১লা জানুয়ারী ও তৎপর হইতে এই নিয়ম নির্দ্ধারিত হইল যে, যাহারা নিম্ন লিখিত নিয়ম গুলি প্রতিপালন করিতে না পারিবেন তাহারা কম্পানির মালের ভাড়া সংক্রান্ত ২৮ হইতে ৩২ ধারা অনুসারে থলিয়া দ্বারা মাল প্রেরণ করা সম্বন্ধে যে বিশেষ মালের ভাড়া নির্দ্ধারিত আছে, সেই ভাড়ায় মাল প্রেরণ করিতে পারিবেন না, যথাঃ—

১।—কোন থলিয়ায় দুই মোন পাঁচ সের ওজনের বেশী মাল থাকিতেপারিবে না।

২। কোন থলিয়ার সেলাই ক্রুসের মত অর্থাৎ উলটা উলটি না হয়।

৩। প্রত্যেক মালের থলিয়ার গায়ে কাল অক্ষরে ইংরেজী ভাষায় স্পষ্ট করিয়া লিখিতে হইবে যে উহা কোন্ ষ্টেশনে পৌঁছিয়া দিতে হইবে এবং যে ব্যক্তির নিকট মাল পৌঁহিয়া দিতে হইবে অন্ততঃ তাহার নামের আদি অক্ষর গুলি লিখিতে হইবে, অথবা এরূপ কোন দাগ ও রাসনিক চিহ্ন থাকবে যাহা স্পষ্ট নির্ণয় করা যাইতে পারে। উপরের লিখিত যে কোন উপায়ই অবলম্বন করা হউক না কেন, মাল প্রেরক যে চিঠি পাঠাইবেন তাহাতে উল্লিখিত দাগ বা চিহ্ন ব্যবহার করিতে হইবে।

এই সমস্ত নিয়ম প্রতিপালন না করিয়া যাহারা বিশেষ শ্রেনী মালের থলিয়া প্রেরণ করিবেন তাহাদিগের নিকট হইতে উহার পর যে উচ্চতর মাল পাঠাইবার ভাড়া নির্দ্ধারিত আছে তাহাই গ্রহণ করা হইবে।

এই সকল প্রেরিত মালের অবশিষ্ট যাহা থাকিবে তাহার ভাড়াও উপরিউক্ত নিয়মে প্রথম শ্রেণীর হারে গৃহীত না হইয়া উহার পর যে উচ্চতর হার নির্দ্ধারিত আছে সেই হারে গৃহীত হইবে।

কলিকাতা
১৩ই সেপ্টেম্বর ১৮৭৭

ব্রাডফের্ড লেসলী
এজেণ্ট
Bradford Leslie
Agent.

ডি—শে

খদ্যোত

মাসিক সন্দর্ভ ও সমালোচন।

ভূত পূর্ব্ব "সরোজিনী" সম্পাদক কর্ত্তৃক সম্পাদিত। ইহাতে নানা বিধ কৌতুকাবহ বিষয়, উৎকৃষ্ট উপন্যাস, সুললিত পদ্য এবং সামাজিক ও পৌরাণিক প্রবন্ধটি যথাক্রমে প্রকাশিত হইবেক। কলেবর ডিমাই আট পেজী তিন ফর্ম্মা। মূল্য অগ্রিম বার্ষিক ডাক মাসুল সমেত ২ টাকা। গ্রাহকগণ নিম্ন লিখিত ঠিকানায় আমার নিকট পত্রাদি লিখিবেন।

খদ্যোত কার্য্যালয়
১২নং কবিরাজের গলি
ঢাকা।

শ্রীরাজ বেহারি দাস
কার্য্যাধ্যক্ষ।
৩৪ সং।

নিম্ন লিখত পুস্তক গুলি ২৪৯ নং বহুবাজার ষ্ট্রিট স্টানহোপ প্রেস ও ৫৫-নং কলেজ ষ্ট্রিট ক্যানিং লাইব্রেরিতে বিক্রয় হয়।

১ Three Years in Europe. 2nd. Ed মূল্য	১ মাশুল	৵০
২ ইউরোপে তিন বৎসর	৷৷০	/০
৩ বঙ্গবিজেতা. শ্রীরমেশচন্দ্র দত্ত প্রণীত	১৷০	৶০
৪ মাধবী কঙ্কণ, " " (প্রকাশ হইয়াছে)	১	৵০
৫ The Indian Pilgrim. (Poem) R.C.Dutta	৷৷০	/০
৬ The Peasantry of Bengal.	২	৶০
৭ The Literature of Bengal	১	৵০

অক্টবর শেষ।

ভৈষজ্য রত্নাবলী।

সুপ্রসিদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসা গ্রন্থ।

ইহাতে সমস্ত রোগের চিকিৎসা পথ্যাপথ্য ঔষধ প্রয়োগ ও প্রস্তুত করিবার প্রণালী বিস্তারিত রূপে লিখিত হইয়াছে। ইহা পরিবর্দ্ধিত অর্থাৎ ইহাতে চক্রদত্ত, রসেন্দ্রচিন্তামণি ও শার্ঙ্গধর প্রভৃতি বিবিধ গ্রন্থ হইতে নানা প্রকার তৈল, ঘৃত, ধাতুঘটিত ঔষধ ও অরিষ্ট আসবাদি সন্নিবিষ্ট করিয়া মূল ও বঙ্গ ভাষায় অনুবাদ সহিত মুদ্রিত হইয়া প্রকাশিত হইয়াছে; ৬ টকা ডাকমাশুল ।৹ আনা।

আয়ুর্ব্বেদীয় দ্রব্যাভিধান।

ধন্বন্তরি নির্ঘণ্ট সৎকণ্ঠ রত্নাভরণ, মদনপাল নির্ঘণ্ট ও পর্য্যায় রত্নমালা প্রভৃতি আয়ুর্ব্বেদীয় বিবিধ দ্রব্যাভিধান এবং নানা কোষ হইতে আয়ুর্ব্বেদীয় দ্রব্য সমস্ত, রোগ শারীর মন্ত্র ও মান পরিভাষা প্রভৃতি আয়ুর্ব্বেদ পঠনোপযোগী বিষয় সমস্তের নাম লিঙ্গ ও অর্থ ইত্যাদি সংগৃহীত হইয় আকারাদি বর্ণ ক্রমে বিন্যস্ত হইয়া প্রকাশিত হইয়াছে।

মূল্য ২ টাকা ডাক মাশুল ৵০ আনা।

আবশ্যক হইলে আমার নিকট মূল্য পাঠাইলেই প্রাপ্ত

শ্রীবিনদ লাল সেন গুপ্ত কবিরাজ
আয়ুর্ব্বেদোক্ত ঔষধালয়।
১৪৬ নং লোয়ার চিৎপুর রোড
ফৌজদারী বালাখানা—কলিকাতা

জুলজিকেল গার্ডেন

অর্থাৎ প্রাণীবাটিকা উদ্যান।

বুধবার ও রবিবার ব্যতীত উক্ত উদ্যানে প্রবেশ করিবার নিয়ম প্রতি দিন এক আনা। ১লা নবেম্বর পর্য্যন্ত এই নিয়ম চলিবে।

বুধবারে কেবল মেম্বরগণই প্রবেশ করিতে পারিবেন এবং রবিবারে আট আনা দিয়া প্রবেশ করিতে হইবে।

এইচ লী
অফিসিয়েটিং অনারারী সেক্রেটারী।

WONDERFUL CURE OF LEPROSY

IN THREE WEEKS.

Discovered in 1873. and tried with great success since then.

কুষ্ঠরোগের অব্যর্থ মহৌষধ।

ইহা দ্বারা কুষ্ঠ, মহাব্যাধি, ধবল এবং পারা সংঘটিত সর্ব্বপ্রকার চর্ম্মরোগ তিন সপ্তাহ ব্যবহারে সম্পূর্ণ আরোগ্য হইতেছে। এমন কি জনৈক মাহারাজ এবং প্রধান২ জমিদারগণ যাঁহারা সহস্র২ মুদ্রা ব্যয় করিয়াও আরোগ্য লাভ করিতে পারেন নাই, তাঁহারা এবং এক সহস্র ব্যক্তি, এই মহৌষধ ব্যবহার দ্বার সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছেন। ইংরাজি চিকিৎসা এবং বৈদ্য শাস্ত্র মতে কুষ্ঠরোগের ঔষধ অদ্যাপি প্রকাশিত হয় নাই, এবং কত নর নারী যে উক্ত রোগগ্রস্ত হইয়া সাধারণ জন সমাজে ঘৃণিত হইয়া রহিয়াছেন, তাহা বলা যায় না। ধনবানের প্রতি প্রত্যেক মালিসের শিশি ৪ টাকা, মধ্যবৃত্তি প্রতি ২ টাকা, দুঃখি ব্যক্তির প্রতি ১ টাকা। প্রত্যেক মালিসের শিশি তিন দিন মাত্র মর্দ্দন করা চলিবে। মফঃস্বলে এক কালীন ৭ শিশির মূল্য পাঠাইতে হয়। আমাদিগের সহিত বিশেষ বন্দোবস্ত করিলে আমরা সম্পূর্ণ আরোগ্য করিয়া ঔষধের মূল্য এবং অঙ্গীকৃত পুরস্কার গ্রহণ করিব। আরোগ্য হইবার পূর্ব্বে কিছু মাত্র গ্রহণ করিব না। ৫০০ টাকার কম এরূপ বন্দোবস্ত করিতে প্রস্তুত নহি।

আমরা ৬০০ ছয় শত প্রশংসা পত্র প্রাপ্ত হইয়াছি, কিন্তু ব্যয় বাহুল্য বশতঃ এই সঙ্গে ছাপান গেল না। যাহারা দেখিতে ইচ্ছা করেন আমাদিগকে পত্র লিখিলে আমরা তৎক্ষণাৎ পাঠাইয়া দিব।

পারা সংঘটিত সর্ব্ব প্রকার রোগনাশক

অবধৌত মতে সালসা।

যাঁহারা কখন গরমীর, ধাতের অথবা অন্য কোন প্রকার কঠিন রোগের নিমিত্ত পারা ব্যবহার করিয়াছেন, তাঁহাদিগের এই সালসা কিছু দিবস ব্যবহার করিলে, যিনি যে আকারে পারা ব্যবহার করিয়াছেন, ঠিক সেই আকারে শরীর হইতে পারা প্রস্রাবের সহিত নির্গত হইয়া যাইবে। সালসা ব্যবহার করিলে শরীর হইতে পারা নির্গত হইতে চাক্ষুষ দেখা যাইবে। ইহা ব্যবহার করলে অন্যান্য সালসার ন্যায় কঠিন নিয়মে থাকতে হয় না, কেবল মাত্র স্বাভাবিক অবস্থায় যে সকল নিয়ম পালন করিতে হয় তাহাই পালন করিলেই যথেষ্ট হইবে।

কুষ্ঠরোগীগণের পক্ষে এই সালসা ব্যবহার অত্যন্ত আবশ্যকীয়।

মূল্য ধনবানের প্রতি প্রত্যেক বোতল আট ৮ আট টাকা, মধ্যবৃত্তির প্রতি ৪ টাকা, দুঃখ ব্যক্তির প্রতি ২ টাকা। ডাক মাশুল ১৷৹ টাকা পেকিং চার্য ৵০।

আমাদিগের মহৌষধ নিম্ন লিখিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে প্রাপ্ত হওয়া যায় না, নিম্ন লিখিত স্থানে তত্ত্ব করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

১। ৪২ নং মুজাপুর ষ্ট্রীট সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, ব্রাঞ্চ ঔষধালয়, কলিকাতা।

২। ১১৪ নং আমহর্ষ্ট ষ্ট্রীট, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মুজাপুর, কলিকতা।

৩। বাক এণ্ড ক্রমওয়েল কোম্পানি, ইংলণ্ডের এজেণ্ট, বিলাত।

৪। ওলিভার ক্রমওয়েল কোম্পানি, আয়রলাণ্ড

৫। গডফ্রে কোম্পানি, নিউইয়র্ক, এমেরিকা।

শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
অবধৌত মতে চিকিৎসক।

অর্শ রোগের অব্যর্থ ঔষধ আমার নিকট বিক্রয়ার্থে প্রস্তুত আছে, ঔষধ একটী মাদুলী মাত্র হস্তে ধারণ করিতে হয়। অন্যান্য নিয়মের পৃথক নিয়ম পত্র প্রাপ্ত হইবেন। এই ঔষধ ধারণ করিয়া অনেক লোককে আরোগ্য হইতে দেখিয়া, জনৈক উদাসীনের নিকট আমি শিক্ষা করিয়াছি, ব্যয় মূল্যেই আমি উক্ত ঔষধ প্রাদান করিয়া থাক।

মূল্য............. ।/৫ ডাক মাসুল...... /০

শ্রীলক্ষ্মী নারায়ণ মিত্র
ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে আফিস কলিকাতা।

CAUTION.

Notice is hereby given that Botokristo Dass of No. 116 Ahireetollah Street is dead and if any debtor to the estate of the said Botokristo Dass deceased pays any portion of the dsbt to any person without letters of administration to the said Estate will do so at his own risk and peril.

Calcutta
3, Hunstings Street

Trailoka Nath Roy
Attorney for Baboo
Bolly Chand Dass
one of the sons of
Bottokristo Dass.

NOTICE.

The Kyastha Ethnology.
Price Rs. 5.

Apply to Nundo Lall Mitter
109, Cornwallis Street Shambazar Calcutta.

অমৃত বাজার পত্রিকা ।

সন ১২৮৪ সাল। ১২ই আশ্বিন, বৃহস্পতিবার।

বাঙ্গলার ভবিষ্যৎ মঙ্গল ও ইডেন সাহেব।

ইডেন সাহেব বাঙ্গলার লেফটেনেন্ট গবর্ণরের পদে নিযুক্ত হইয়া আমাদের পাঁচটী প্রধান স্বত্বের মূলে আঘাত করিয়াছেন। আমরা যে পাঁচটী স্বত্বের বিষয় উল্লেখ করিতেছি এই পাঁচটী স্বত্বই আমরা ইংরাজ শাসনের অমৃতময় ফল স্বরূপ প্রাপ্ত হইয়াছিলাম। ইডেন সাহেব এ গুলির হন্তা হইয়া কেবল আমাদিগকে দুরবস্থাপন্ন করিবেন না, শুভাকাংখী রাপুরুষেরা যত্ন পূর্ব্বক যে সমুদয় রত্ন এখানে বিতরণ করেন তাহা হরণ করিবেন।

মুসলমান শাসন সময় চিরস্থায়ী বন্দবস্ত ছিল কি না তাহা আমরা জানি না। ইংরাজেরা তাঁহাদের শাসনের প্রারম্ভে বঙ্গবাসীদিগকে এই স্বত্বটী প্রদান করেন। ইংরাজ রাজ পুরুষেরা কি অভিসন্ধিতে আমাদিগকে এই স্বত্বটী প্রদান করেন তাহা বিচার করার স্থল এ নহে। তবে ইহা দ্বারা যে বঙ্গবাসীদের বিস্তর উপকার হইয়াছে, ইহাতে যে ভারতবর্ষের অন্যান্য স্থলের ন্যায় বাঙ্গলা নির্ধন হয় নাই এবং বাঙ্গলার সম্ভ্রান্ত বংশের পতন হয় নাই, বরং বঙ্গ দেশ ধনশালী ও বাঙ্গলার লোকের বিস্তর উন্নতি হইয়াছে তাহা সকলে এক বাক্যে স্বীকার করেন। আবার বঙ্গবাসীদের প্রতি এই অনুগ্রহ প্রকাশ করিয়া ইংরাজ জাতি যে বিশেষ উপকৃত হইয়াছেন,তাহাদের শাসন ভারতবর্ষে বহু বিস্তৃত হইয়াছে তাহা বঙ্গ দেশ বিদ্বেষী ইংরাজেরাও অস্বীকার করিবেন না। ইডেন সাহেব এই চিরস্থায়ী বন্দবস্ত সমূলে উৎপাটন করিবার চেষ্টা করিয়াছেন।

ইংরাজেরা সম্বাদ পত্রের স্বাধীনতা প্রদান করিয়া এ দেশবাসী কি তাঁহাদের নিজের অধিক উপকার করিয়াছেন তাহা আমরা জানি না। ফল যাহারা রাজ শাসনে পারদর্শী তাঁহাদের বিশ্বাস যে, সম্বাদ পত্রের স্বাধীনতা না দিলে ইংরাজ শাসনের এরূপ শ্রীবৃদ্ধি ত হইতই না, ইংরাজ রাজপুরুষেরা পদে পদে ভ্রমে পতিত হইতেন এবং হয় ত বিপদেও পড়িতেন। ইডেন সাহেব সম্বাদ পত্রের এই স্বাধীনতার প্রতি হস্তক্ষেপ করিয়াছেন।

আমাদের তৃতীয় ও চতুর্থ স্বত্ব সার রিচার্ড টেম্পল প্রদান করিয়া যান। কলিকাতায় ইলেকটিব প্রণালীর প্রবর্ত্তনা হওয়াতে এদেশীয় লোকের আশা হইয়াছে যে কালে ভারতবর্ষে পার্লিয়েমেন্ট স্থাপিত হইলেও পারে। কলিকাতা নিতান্ত ক্ষুদ্র স্থান নহে। এখানে চারি লক্ষ লোকের অধিক বাস করে। ইহা পৃথিবী বিখ্যাত বিস্তর পণ্ডিতের বাস স্থান। এখানে রাজ পুরুষদের মধ্যে যাহারা অতি প্রধান তাহারা অব-
...নের কোটী কোটী টাকার বাণিজ্য
... ২ লক্ষ টাকার অধিক কর আদায়
...ক। এই স্থানের মিউনিশিপাল
... লোক দ্বারা নির্ব্বাচিত হইবে,
...দিগকে এই স্বত্বটী প্রদান করেন।
... রাজ ধানীর অনেকটা শাসন
... অর্পিত হয়। অন্ততঃ ইলেকটিব
...ম্যান ইহাই বলিয়া আক্ষেপ
...র উপর ইডেন সাহেবের
...
... আর একটি স্বত্ব
... প্রদান করায়
...ত আমাদের যে
...পে দূরীকৃত হয়।

তিনি অনুমতি করেন যে আমরা আপন মত সমর্থন করিবার নিমিত্ত ব্যবস্থাপক সভায় আমাদের প্রতিনিধি পাঠাইতে পারিব। গবর্নমেন্ট আপন ইচ্ছায় এখন ব্যবস্থাপক সভার সভ্য নিযুক্ত করেন, সুতরাং এই সভ্যের অনেকে ইচ্ছায় হউক আর অনেচ্ছায় হউক গবর্ণমেন্টের মতে সায় দিয়া যান। আবার এপর্য্যন্ত প্রজা কি মধ্যবর্ত্তী লোকের পক্ষ সমর্থন করেন এরূপ একটী লোকও গবর্ণমেন্ট কর্ত্তৃক মনোনীত হন নাই এবং ইহা দ্বারা প্রজা ও মধ্যবর্ত্তী লোকের যে অশেষ কষ্ট হইয়া থাকে তাহা বলা বাহুল্য। সার রিচার্ড টেম্পল ব্যবস্থাপক সভায় আমাদিগকে প্রতিনিধি পাঠানের অনুমতি প্রদান করিয়া আমাদের এই অনিষ্ট নিবারণের উপায় করিয়া দেন এবং ইডেন সাহেব এটী উঠাইয়া দিয়াছেন।

আমাদের আর একটি স্বত্ব ছিল – গবর্ণমেন্টের দয়া। রাজ বিচারে যদি কাহার কোন গুরুতর দণ্ড হইত এবং দেশবাসীরা যদি তাহার নিমিত্ত গবর্ণমেণ্টের দয়া ভিক্ষা করিতেন, গবর্ণমেন্ট সময় সময় এরূপ স্থানে দয়া প্রকাশ করিতেন। রাজসাহীর একটী যুবকের প্রতি টেম্পল সাহেব এই রূপ দয়া প্রকাশ করেন, নবীনের প্রতিও এই রূপ দয়া প্রকাশিত হয়, হৃদয় পাত্রের প্রতিও তিনি এই রূপ দয়া প্রকাশ করিবেন আশ্বাস দেন, কিন্তু ইডেন সাহেবের নিকট দুই ব্যক্তির নিমিত্ত অতি প্রধান প্রধান ব্যক্তিগণ দয়ার ভিক্ষা করেন এবং তিনি ইহাতে এই রূপ বিরক্তি, ক্রোধ ও ঘৃণা প্রকাশ করেন যে বোধ হয় যত দিন তিনি এখানে অবস্থিতি করিতেছেন তত দিন আর কেহ এরূপ দয়া ভিক্ষা করিয়া গবর্ণমেণ্টে দরখাস্ত করিতে সাহস করিবে না।

ইডেন সাহেব আমাদের এই পাঁচটী স্বত্বের হন্তারক হইয়া ক্ষান্ত হন নাই। সকল দেশে সকল জাতির মধ্যে মধ্যবর্ত্তী শ্রেণীর উপর দেশের অনেক আশা ভরসা নির্ভর করে। অনেকে মধ্যবর্ত্তী শ্রেণীকে দেশের মেরুদণ্ড বলিয়া স্বীকার করেন। আমাদের দেশের অতিশয় দুরবস্থা, তথাচ এই দুরবস্থার মধ্যে যেটুক দেশের মঙ্গল হইবার সম্ভাবনা তাহা এই মধ্যবর্ত্তী লোকের দ্বারা হইয়া থাকে। ইহারাই সিবিল ও মেডিকেল সারবিসে প্রবেশ করিতেছেন এবং ইহারাই বারিষ্টারী ও অন্যান্য কঠোর পরীক্ষা প্রদানের নিমিত্ত অকূল পাথার উলংঘন করিয়া ইংলণ্ডে গমন করিয়া থাকেন। ইহারাই স্কুল কালেজে বৎসর ২ নানা রূপ পরীক্ষায় উপস্থিত হইয়া কৃতকার্য্য হইয়া থাকেন এবং প্রধান ২ রাজ পদে প্রতিষ্ঠিত হইয়াছেন। এই শ্রেণীস্থ লোকই পাণ্ডিত্যের নিমিত্ত গণ্য মান্য হইয়াছেন এবং যদি বিধাতা সদয় হন তবে ইহাদের দ্বারা এক দিন বঙ্গবাসীরা গৌরবান্বিত হইবেন। কিন্তু ইডেন সাহেবের ইচ্ছা যে, ইহারা লেখা পড়া না শিক্ষা করে, ইহারা আপন আশা ভরসা অভিমান পদ মর্য্যাদা বিস্মৃত হইয়া মানসিক উৎকর্ষ পরিত্যাগ করিয়া স্বহস্তে হল ধারণ পূর্ব্বক কৃষি কার্য্য কি কুদালি ধারণ পূর্ব্বক মৃত্তিকা খনন করে।

নদীয়ার কলেক্টর ষ্টিবেন্স সাহেব তাঁহার গত সাম্বৎসরিক রিপোর্টে লিখেন যে, যদিও নিম্ন শ্রেণীস্থ লোকের অবস্থা ক্রম উন্নত হইতেছে কিন্তু মধ্যবর্ত্তী শ্রেণী লোক ক্রমেই দুরবস্থাপন্ন হইতেছে এবং অনেক পরিবারে অন্নকষ্ট উপস্থিত হইয়াছে। ইডেন সাহেব ইহাতে এই মত প্রকাশ করিয়াছেন যে, "ষ্টিবেন্স সাহেব যাহা লিখিয়াছেন তাহা সত্য, তবে মধ্য শ্রেণী লোক মধ্য শ্রেণী স্কুলে যে কদর্য্য ইংরাজী শিক্ষা করে ইহাই তাহাদের সমুদয় দোষের মূল। ইহাতে মসীব্যবসায়ী ও উচ্চ শ্রেণীর লোকের শারীরিক পরিশ্রমের উপর ঘৃণা এবং তাহাদের মনে নানা কষ্টের কারণ উদয় হয়। এই দোষ আপনা আপনি সংশোধিত হইবে, না খেতে পেলে লোকে ক্রমে আপন হস্তে কাজ করিতে বাধ্য হইবে।" ইংরাজদিগের শাসনে ভারতবর্ষের নানা স্থানে জাতি শ্রেষ্ঠ ব্রাহ্মণেরও অধোগতি হইয়া তাহারা দ্বারোয়ান হইয়াছে। ইডেন সাহেবের বিশ্বাস যে, যখন বাঙ্গলার ভদ্র সন্তানদিগের এই রূপ দুর্গতি হইবে তখন এদেশের মঙ্গল হইবে। যিনি পবলিক ওয়ার্ক সেস নির্দ্ধারন করিবার সময় বাঙ্গলার প্রজার সঙ্গে ভারতবর্ষের অপর দেশের মুমূর্ষ প্রজার তুলনা করিয়া আপন মত সমর্থন করার যত্ন করেন, তাঁহার মুখ হইতে আমরা এরূপ কথা শুনিলে আশ্চর্য্যান্বিত হই না।

ফল ক্যাম্বেল সাহেবকে লোকে বাঙ্গালির শত্রু বলিয়া জানে কিন্তু তিনিও একবার এরূপ ইচ্ছা প্রকাশ করেন নাই যে, বাঙ্গলার ভদ্র বংশজাত ব্যক্তিরা নিম্নতর শ্রেণী চাষা ও অশিক্ষিত লোকের পদে অবনীত হয়। বরং তিনি মধ্যবর্ত্তী শ্রেণীকে পোষণ করিবার নিমিত্ত সবডেপুটি, কানগু প্রভৃতি পরীক্ষার প্রবর্ত্তনা ও স্কুল পাঠশালায় জরিপ প্রভৃতি শিক্ষা প্রচলিত করেন। টেম্পল সাহেব মধ্যবর্ত্তী শ্রেণীর সন্তান সন্ততি সুশিক্ষিত হয় এই নিমিত্ত ছাত্র বৃত্তি প্রদানের নূতন প্রণালী প্রবর্ত্তনা করেন। এই প্রণালীতে নিঃস্ব ভদ্র লোকের পুত্রেরা যত্ন করিলে সম্পূর্ণ গবর্ণমেন্টের বৃত্তি দ্বারা উচ্চতম শিক্ষা প্রাপ্ত হইতে পারে। টেম্পল সাহেব এই নিমিত্ত স্থানে স্থানে হাইস্কুল ও কলেজ স্থাপন করেন এবং ভদ্র লোকের সন্তান সন্ততির অভাব দূর করিবার নিমিত্ত বৈজ্ঞানিক বিদ্যালয় স্থাপনের অনুষ্ঠান করেন। ইডেন সাহেবের ইচ্ছা যে ভদ্র সন্তানেরা জাত্যভিমান, পদ মর্য্যাদা, উচ্চ অভিলাস পরিত্যাগ করিয়া নিজ হস্তে লাঙ্গল ধারণ করে এবং আমাদের ফেলু সেখ, পাঁচু বিশ্বাসের দল বৃদ্ধি করে।

মন্দ্রাজ দুর্ভিক্ষ ও বাঙ্গলা দেশ।

গত বৃহস্পতি বারে সেরিফের আহ্বানানুসারে মান্দ্রাজের দুর্ভিক্ষ পীড়িত ব্যক্তিদের সাহায্যার্থে টাউনহলে একটী সাধারণ সভার অধিবেশন হয়। অনেকের বিশ্বাস যে, মান্দ্রাজের দুর্ভিক্ষে যত লোক অনশনে প্রান ত্যাগ করিয়াছে ইংরাজ রাজ্যে অনাহারে এত লোক কখনও মরে নাই। অন্ততঃ ভারতবর্ষে ইংরাজ রাজ শাসন সুশৃংখল হওয়াবধি এরূপ ভয়ানক আকরে দুর্ভিক্ষ কোন স্থানে উপস্থিত হয় নাই। উত্তর পশ্চিমের দুর্ভিক্ষে ও উড়িষ্যার দুর্ভিক্ষে বটে অনেক লোক অনশনে প্রাণত্যাগ করে, কিন্তু মান্দ্রাজের দুর্ভিক্ষের সঙ্গে তাহার তুলনা হয় না। অনেকে অস্বীকার করেন যে, বেহারে সে বৎসর আদবে দুর্ভিক্ষ হইয়াছিল না, তবে যাহারা বিশ্বাস করেন যে লর্ড নর্থব্রুক যদি অজস্রজ অর্থ ব্যয় না করিতেন তাহা হইলে বেহার শ্মশান ভূমিতে পরিণত হইত, তাঁহারাও স্বীকার করেন যে মান্দ্রাজের সঙ্গে তুলনা করিলে সেবার দুর্ভিক্ষ হয় নাই বলিলে অত্যুক্তি হয় না। ভারতবর্ষের এই ভয়ানক ও অসাধারণ মন্বান্তরে প্রপীড়িত ও মুমূর্ষ ব্যক্তিদিগের সাহায্যার্থে টাউনহলে সভার অধিবেশন হয় এবং যদিও এই সভাতে লেফটেনেন্ট গবর্ণর সভাপতির আসন গ্রহন করিয়া ছিলেন না কিন্তু যিনি সভাপতির পদে মনোনীত হন তাঁহার পদও অতি উচ্চ। এসভা এদেশীয়দের যত্নে আহুত হয় না, চিফ জষ্টিস গার্থ সাহেব ইহার প্রধান অনুষ্ঠাতা, এবং যদিও ইডেন সাহেব প্রকাশ্যরূপে এ সভায় যোগ দেন নাই কিন্তু তিনিও ইহার এক জন উদ্যোগী। আবার মান্দ্রাজের গবর্ণর ডিউক অব বকিংহাম মান্দ্রাজবাসীদের রোদন সহ্য করিতে না পারিয়া সর্ব্ব সাধারণের নিকট সাহায্য প্রার্থনা করেন এবং তিনি যে রোদন রোল উত্থিত করেন তাহা লোকে সহ্য করিতে না পারিয়া কলিকাতায় এই সভা আহ্বান করে, অথচ সভা গৃহে সে দিবস যে অর্থ সংগৃহীত হয় তাহা বেহার দুর্ভিক্ষের সময় রাজা কোমল কৃষ্ণ প্রায় একাকী প্রদান

করেন। বস্তুত মান্দ্রাজ দুর্ভিক্ষ উপলক্ষে কলিকাতার ইংরাজ ও এ দেশীয় ধনী ব্যক্তিরা একত্রিত হইয়া এ পর্য্যন্ত যাহা দান করিয়াছেন, অনেক জমিদার বেহার দুর্ভিক্ষের সময় তাহার ২০ গুণ ব্যয় করেন। আবার সভা গৃহে এত অল্প লোকের সমাগম হয় যে অতি সামান্য ব্যাপারেও ইহা অপেক্ষা অনেক লোক গমন করিয়া থাকেন।

সে দিবসের সভার দুর্গতি দেখিয়া অনেকে মনে ভারি কষ্ট পাইয়াছেন, আবার অনেকে সভাতে যে আদবে কেহ গিয়াছিল এবং ১০। ২০ হাজার টাকা উঠিয়াছিল ইহা দেখিয়া আনন্দিত হইয়াছেন। শেষোক্ত দলের বিশ্বাস যে বঙ্গদেশের যেরূপ দুরবস্থা তাহাতে মান্দ্রাজের নিমিত্ত ইহাদের দ্বারা যে এত দূর হইবে ইহাও তাহারা আশা করিয়াছিলেন না।

বোধ হয় মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত বঙ্গবাসীরা যেরূপ উত্তেজিত হইয়াছেন উত্তর পশ্চিম অঞ্চলের দুর্ভিক্ষের সময় ইহা অপেক্ষা অধিক উত্তেজিত হইয়াছিলেন। উড়িষ্যা দুর্ভিক্ষের সময় দুর্ভিক্ষ প্রপীড়িত প্রদেশ হইতে বাঙ্গলায় সহস্র সহস্র লোকের সমাগম হয় এবং অনেক বাঙ্গালী তাহা দিগকে অকাতরে অন্ন বস্ত্র প্রদান করেন, কিন্তু বোধ হয় এবার মান্দ্রাজের দুর্ভিক্ষের নিমিত্ত লোক যেরূপ উৎকণ্ঠিত ও ব্যাকুল হইয়াছে, উড়িষ্যা কি বেহার দুর্ভিক্ষের সময় লোকে সেরূপ কোন লক্ষণ দেখাইয়াছিল না। এবার যেরূপ গ্রামে গ্রামে, স্কুলে স্কুলে, গলিতে গলিতে দুর্ভিক্ষের নিমিত্ত অর্থ সংগৃহীত হইতেছে, স্কুলের ছাত্র অবধি রাজ্যের উচ্চতম ব্যক্তি পর্য্যন্ত ইহার নিমিত্ত অহোরহ চিন্তিত হইয়াছেন, বোধ হয় বেহার দুর্ভিক্ষের সময় ইহার কিছুই হইয়া ছিল না, অথচ বঙ্গদেশ হইতে এপর্য্যন্ত বর্ত্তমান দুর্ভিক্ষের নিমিত্ত সর্ব্ব সমেত এক লক্ষ টকা উঠিয়াছে কি না সন্দেহ।

অনেকের বিশ্বাস যে মান্দ্রাজবাসীদের নিমিত্ত যে এত অল্প অর্থ সংগৃহীত হইতেছে এ আমাদের ঔদাস্যের নিমিত্ত নহে, লোকের দরিদ্রতার নিমিত্ত। বাঙ্গলার অবস্থা যত উৎকৃষ্টই থাকুক, বোধ হয় এখানে এক শত জনের মধ্যে ১০জনের অধিক সচ্ছল অবস্থাপন্ন ছিল না, কিন্তু নানা বিভ্রাটে ইহাদেরও আর দান করিবার অবস্থা নাই। বেহার দুর্ভিক্ষের সময় যাহারা ঋণ ভারাক্রান্ত হন, তাহাদের অনেকে আবার ছোট দরবারের প্রসাদাৎ আরো রসাতলে গমন করেন। এ দেশের ধনাঢ্য ব্যক্তিদের মধ্যে শতকরা ৯০ জন ঋণ জালে এরূপ জড়ীভূত হইয়াছেন যে, তাহাদের আর নিস্তারের উপায় নাই। মধ্যবর্ত্তী শ্রেণীর অধিকাংশ লোক বোধ হয় আর ৫০। ৬০ বৎসরের মধ্যে নগণ্য হইয়া উঠিবে। আবার নিম্ন শ্রেণীস্থ লোকের অবস্থা যত ভালই হউক, তাহাদের দান করার অবস্থা এখনও হয় নাই এবং হইবার যে একটু আশা ছিল তাহারও মূলে গবর্ণমেন্ট আঘাত করিয়াছেন, সুতরাং মান্দ্রাজ কেন, এখন যদি বাঙ্গলায়ও দুর্ভিক্ষ উপস্থিত হয়, তাহা হইলেও লোকের অর্থ সাহায্য করা কঠিন হইয়া উঠে।

আবার বাঙ্গলায় এক রূপ দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছে। ঢাকা প্রকাশ হইতে আমরা গত বার কয়েক পংক্তি উদ্ধৃত করিয়াছিলাম, ঢাকার এক জন প্রধান ব্যক্তি তাহার পোষকতা করিয়া আমাদিগকে এক পত্র লিখিয়াছেন। বরিশাল ও চট্টগ্রামের অবস্থাও ভয়ানক হইয়া উঠিয়াছে। যশোর হইতে এক জন ভ্রমণকারী কর্ম্মচারী লিখিয়াছেন যে, যশোহরে বন্যা না আসাতে ধান্যের বিস্তর অনিষ্ট হইতেছে। এবং দ্রব্যাদি অতিশয় দুর্মূল্য হইয়াছে হুগলি হইতে এক জন লিখিয়াছেন যে দুর্ভিক্ষের বৎসর এদেশে চাউল ও ধান্য যেরূপ দুর্মূল্য হয় এবারও সেখানে সেই রূপ হইয়াছে। কোথা কোথা টাকা দিয়াও ধান্য ও চাউল পাওয়া যাইতেছে না। আবার স্থানে স্থানে জল বৃদ্ধি হইয়া শস্যের কি রূপ অনিষ্ট করিয়াছে আমরা সে সম্বন্ধে নিম্নে দুই খানি পত্র প্রকাশ করিলাম।

প্রথম পত্র।

“জাহানাবাদ এলাকায় দামোদর নদীতে বন্যা আসিয়া এবং জাহানাবাদের দ্বারিকেশ্বর নদী উথলিয়া ২৮শে ভাদ্র বুধবারে এ প্রদেশে ভয়ানক জল প্লাবন উপস্থিত হয়। ইহাতে লোকের একেবারে সর্ব্বনাশ হইয়াগিয়াছে। জল স্রোতে প্রজার ঘর দরজা গো অশ্ব নষ্ট হইয়াছে, কোথাও মনুষ্যও নাকি নষ্ট হইয়াছে। হৈমন্তিক ধান্য রসাতল গিয়াছে। যেরূপ সর্ব্বনাশ হইয়া গিয়াছে তাহাতে যদি এখানকার দয়ালু মাজিষ্ট্রেট বাবু প্রতাপ নারায়ণ সিংহ প্রজাদের সাহায্যার্থে গবর্ণমেন্টকে উত্তেজনা করিতে পারেন তবেই রক্ষা, নতুবা এখানকার লোকের আর কষ্টের সীমা থাকিবে না।”

উপরিউক্ত পত্র খানি রামপুরের তালুকদার বাবু বেহারি লাল সেন, রসুলপুরের তালুকদার ক্ষেত্র মোহন বাবু, এবং অন্যান্য পাঁচ সাত জন সম্ভ্রান্ত লোক স্বাক্ষর করিয়াছেন।

দ্বিতীয় পত্র।

নিম্ন লিখিত ১৫। ১৬ খানি গ্রামের (বেনাই, আটিট, বৈহাটি, ভুয়া আড়া, চক চাইপাঠ, উদয় চক, দক্ষিণ বাড়, উত্তর বাড়, মহিসরেখা, মিচন্তপুর, পাঁচগেছুগ, আলিপুর, মানিকদ্বীপ, ফরিদপুর, ও চাইপাঠ) লোকদিগের কি দুরবস্থা ঘটিয়াছে, তাহা শ্রবণ করিলে পাষাণ হৃদয়ও বিদীর্ণ হইবে। গত বর্ষে ২৮শে আশ্বিন বন্যা আসিয়া ঘাটাল সব ডিবিজনের দক্ষিণ হইতে প্রায় ৮ মাইল স্কোয়ার পরিমিত স্থানের শস্য নষ্ট হইয়া যায়। এদেশ মধ্যে২ হাজিয়া যায় বটে কিন্তু আশ্বিন মাসে হাজা কেহ কখন দেখে নাই। তাহাতে প্রজার দুর্দ্দশার এক শেষ হইয়াছিল। গত বৎসর ঐ জল সত্বর নিকাশ হইবার জন্য গবর্ণমেন্ট বাঁধে কয়েকটী হানা কাটান হয়। ঐ সকল হানার মধ্যে বেনাই গ্রামের নিকট একটী হানা অর্দ্ধ সম্পন্ন অবস্থায় থাকে এবং উগ্র দ্বারা ঐ সর্ব্বনাশ হইয়াছে। ৩০শে ভাদ্র নদীর জল সহসা বৃদ্ধি হইয়া ঐ অসম্পন্ন হানা দ্বারা প্রবেশ করায় অনাথ প্রজা বর্গের এই ঘোর অনিষ্ট হইল। এবৎসর প্রজাগণ অতি কষ্টে কোন প্রকারে জীবন রক্ষা করিয়া আসিয়াছে। সমস্ত আশু ধান্য ক্ষেত্র নষ্ট হইল। হৈমন্তিক ধানের ত কথাই নাই। আর এক বৎসর তাহারা আর এক মুষ্টি শস্যও পাইবে না মজুরি করিয়া জীবিকা নির্ব্বাহ করিতে হইবে। তাহার উপর আবার জমিদারের খাজনা। ৪। ৫ দিনের মধ্যে শস্যের দর যেরূপ মহার্ঘ হইয়াছে তাহাতে সত্বর যে এখানে অন্ন কষ্ট উপস্থিত হইবে তাহার কোন সন্দেহ নাই।

দ্বিতীয় পত্র খানি চাঁইপাট গ্রাম নিবাসী বাবু রামসুন্দর ঘটক ও ব্রজনাথ দে একত্রিত হইয়া লিখিয়াছেন। তাহাদের বিশ্বাস যে উপরিউক্ত অর্দ্ধ সম্পন্ন হানা দ্বারা এই সর্ব্বনাশ হইয়াছে। এবং তাহাদের বিশ্বাস যে কর্তৃপক্ষীয়দের তাচ্ছিল্যে ইহা অসম্পন্ন অবস্থায় ছিল। ইহা অনুসন্ধানের নিমিত্ত তাহারা গবর্ণমেন্টের নিকট প্রার্থনা করিয়াছেন। সে যাহা হউক দেশের এই অবস্থা, সুতরাং এরূপ অবস্থায় মান্দ্রাজবাসীদের নিমিত্ত অর্থ সাহায্য করা এ দেশবাসীদের পক্ষে একরূপ অসম্ভব।

গত সপ্তাহে তারে প্রেরিত যুদ্ধের সম্বাদ।

১৯শে সেপটেম্বর। অদ্য প্রাতে কাউন্ট আণ্ড্রাসি এবং প্রিন্স বিসমার্ক চারি ঘণ্টা পর্য্যন্ত কি পরামর্শ করেন; কেহ২ অনুমান করেন ইউরোপের শান্তি স্থাপন করা তাহাদের পরামর্শের উদ্দেশ্য।

২০শে সেপটেম্বর। বিশ্বস্ত সূত্রে অবগত হওয়া গিয়াছে যে অষ্ট্রিয়া, জর্ম্মেনী ও রুশিয়া সম্রাট ত্রয়ের মধ্যে আত্মীয়তা দৃঢ়ীভূত করিবার অভিপ্রায়ে বিসমার্ক ও কাউন্ট আণ্ড্রাসীর সাক্ষাৎ হয়। ইতি পূর্ব্বে এই উদ্দেশ্য জর্ম্মেনী ও অষ্ট্রিয়া সম্রাট ইসচিল নামক স্থানে মিলিত হন। রুশিয় সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে, রুশেরা ক্রমাগত প্লেবেনাতে বোম নিঃক্ষেপ এবং উহার চতুষ্পার্শ্ব পরিবেষ্টন করিতেছে।

২১শে সেপটেম্বর। রুশিয় ইম্পিরিয়েল গার্ড ক্রমাগত বুচারেসট দিয়া অগ্রসর হইতেছে। ডেলি নিউসের সংবাদ দাতা লিখিয়াছেন, রুশেরা প্লেবেনার আক্রমণ পরিত্যাগ করিয়াছে। তুর্ক সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে মাহাম্মদ পাশা ধীরে২ বাইলার দক্ষিণ পূর্ব্বে বার মাইলে দূরস্থিত কোন এক স্থানে গমন করিতেছেন। রুশেরা এই স্থানে বিস্তর সৈন্য একত্রিত করিয়াছেন। এই স্থলে সত্বর ভয়ানক যুদ্ধ হইবে। এই রূপ রাষ্ট্র যে একটী রুশিয় সৈন্য তুর্ক রাজ্যের মধ্যে থাকিতে সুলতান কাহার বাক্যে যুদ্ধ হইতে বিরত হইবেন না।

২২শে সেপটেম্বর। এই রূপ রাষ্ট্র বাইলার নিকট এক লক্ষ রুশ সৈন্যের সঙ্গে মাহাম্মদ পাশার যুদ্ধ হয় এবং তুর্কেরা যুদ্ধে জয়ী হইয়াছে ও রুশেরা বিস্তর ক্ষতিগ্রস্ত হইয়াছে। মন্টিনিগ্রোরা দুগাপাশ অধিকার করিয়াছে। বেনিকালম নামক স্থানের ওদিকে চিয়ারকেন্স নামক গ্রামে রুশেরা সৈন্য ব্যুহ প্রস্তুত করে। এই রূপ রাষ্ট্র মাহাম্মদ পাশা এই দুর্গ এবং এখানে যে নদী আছে তাহার তীর দিয়া বরাবর রুশদিগকে আক্রমণ করেন। এই যুদ্ধ সম্বন্ধে তুর্কদের কোন সরকারী পত্র এখনও প্রকাশিত হয় নাই।

জেনারেল ইগনাটিফের উপর রুশ সম্রাট অসন্তুষ্ট হইয়াছেন এবং তিনি কাইবা নামক স্থানে গমন করিয়াছেন।

২৪শে সেপটেম্বর। রুশ সরকারি পত্রে প্রকাশিত হইয়াছে যে, শিপকা পাশে ১৭ই তারিখে রুশদিগের ১৭ জন কর্ম্মচারী ও এক হাজার সৈন্য হত হইয়াছে। উভয়ই প্রাণ পণে যুদ্ধ করিতেছে।

রুশ সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে, ২১শে তারিখে তুর্কেরা পুনর্ব্বার নিকোলাস দুর্গে বোম নিঃক্ষেপ করিতে আরম্ভ করে। তদপর ইহা আক্রমণ করিবার নিমিত্ত পুনঃ পুনঃ যত্ন করে কিন্তু কৃতকার্য্য হয় নাই। এখানে অবিশ্রান্ত যুদ্ধ হইতেছে।

জেনারেল টাগুকান যে স্থানে সৈন্য লইয়া অবস্থিতি করিতেছেন, ১৯এ তারিখের রাত্রে স্মাইল পাশা সেই স্থান আক্রমণ করিয়া পরাস্ত হন। তুর্কেরা বিস্তর ক্ষতিগ্রস্ত হয়। রিউটারের বিশেষ সম্বাদদাতা প্রকাশ করেন যে, ইগডির নামক স্থানের দক্ষিণে টাগুসোরে যে সৈন্য ছিল তুর্ক সৈন্য কর্ত্তৃক তাহা প্রায় বিতাড়িত হইয়াছে।

ইরিবান নামক স্থানে শস্য উৎপন্ন না হওয়াতে রুশদিগের আহারীয় দ্রব্যের অপ্রতুল হইয়াছে।

তুর্ক সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে, তুর্ক সৈন্যেরা এরূপ স্থানে গুলি বারুদ লইয়া আসিয়াছেন যে স্থান হইতে প্লেবেনা দুই ঘণ্টার পথ। ২১শে তারিখে বায়লাতে যুদ্ধ হয়, কোন পক্ষেই জিত কি হারি হয় নাই।

২৩শে সেপটেম্বর। সলিম
তারিখে প্রকাশ করিয়াছেন যে
ক্রমাগত বোম নিঃক্ষেপ করিতেছে
ইম্পরয়েল গার্ড রুশিয় আরি
মিলিত হইয়াছে।

রুশ সরকারী পত্রে প্র
সম্বাদ পত্রের সম্বাদ দা
জাস্ত্রার উপর চারকউনা
রুশদিগকে আক্রমণ করে
তুর্ক অশ্বারোহীরা
করে এবং পরা
না পৌঁছনে তাহ
২০ জন কর্ম্মচারী
তুর্কেরা ইহা অ

SCRAPS AND COMMENTS.

Apropos of Suleiman Pasha, the *Times* correspondent at the head quarters of the army of the Balkans writes :—

He is a most unostentatious and reserved man. His head-quarters are the very reverse of the gorgeous establishments one sees with many generals of much less pretence than this the most successful and favoured of the Sultan's field-marshals. His tent consists of a simple piece of canvas stretched across two sticks, under which he crawls at night and sleeps on the ground, and, being once in, leaves no room to spare for a shake down for anybody else. Guards, sentries, orderlies, and all the pomp and circumstance of military rank are dispensed with, and his two or three aides-de-camp bivouack in like style near him. His two horses are picketed in front of his tent, with their saddles on their backs, and take their chance of forage with the rest of the cavalry in the same way that their master expects no different fare from the rest of the army. He is a man of about 40 to 45 tall and strongly built, with a rough, weather-beaten force, a facehead very much wrinkled, and a short red beard and moustache. He speaks French a little. His character seems singularly simple and self-reliant, and presents contrasts which make it still more exceptional. In detail and in matters of organizatiol he seems to have great readiness, a quick perception of what is necessary as to provisioning, forwarding ammunition, or any other administrative part of generalship, while at the same time he appears to have the intuitive qualities of a born commander, which enable him to carry out a plan rapidly and successfully without going through any of the accepted and round-about methods of modern warfare. I would instance in this respect the extraordinary way in which, in a few hours—I believe in 48—he transported the whole of his army from Adrianople to Karabunar.

The following account of the Turkish Commander-in-Chief Mahomet Ali Pasha will be read with interest at the present time :—

The present Serdar, or Commander-in-Chief of the Turkish armies in Bulgaria, is a German by birth, Mahomet Ali Pasha, whose real name is Jules Detroit, his father being of French extraction. He was born at Magdeburg, in Prussia, in the year 1829. When he was fifteen years old, after having passed through the schools of his native town, his father, who was a musician with a very limited income, unable to provide for the further education of the boy, took him to Hamburg, where he obtained an engagement as sailor-boy upon a German merchant-ship. The captain being a cruel and brutal master, and the crew treating the boy equally ill, young Detroit resolved to avail himself of the first opportunity that should offer in order to escape. This occurred while the ship was at anchor in the Bosphorus. Detroit reached the European shore at Balta Luman, and soon found a generous patron and kind friend in the then Minister of Foreign affairs, subsequently Grand Vizier, Ali Pasha. This was in 1847. Ali Pasha received the young German into his household. While in Ali Pasha's palace Detroit embraced Islamism and adopted his present name. In 1849 Ali Pasha placed him as a pupil in the Military College, in which pupils were taught, fed, and supported by the State. The masters were the most efficient that high salaries could attract, some French officers and some Prussian. Mahomet speaking both French and German fluently, and being a sharp and active lad, became a general favourite, and the masters did their best to help him on. In 1853 he passed the final examination with credit and obtained a lieutenancy. The prospect of speedy promotion was held out to him if he would remain at the school as an assistant-master, but he preferred active service, and had the good fortune to be attached to the staff of Omar Pasha, with the rank of Captain, in 1854. In that position he took part in the campaign on the Danube and the Crimean War, and had a good opportunity of observing what was going on and, at the same time, improving his mind ; for there were distinguished officers of various nations—English, French, Italian and Spanish—at Omar Pasha's head-quarrters, with whom Mahomet cultivated a friendly intercourse. He especially delighted in the company of the late General Prim and the French Colonel Dieu. Ali Pasha continued to afford Mahomet his friendly protection, and, in truth, was the means of his rising rapidly in his military career. He was appointed Major-General in the year 1868, when only thirty-nine years old, and became Mushir, or Field Marshal, in the early part of the present year.

General Strecker, whom Mahomet Ali Pasha has appointed his Chief of the Staff, is a very competent officer, who served formerly in the Prussian army, and entered the Turkish service as Military Instructor, having been recommended for the office by his Prussian superiors. Blum Pasha also served in the Prussian army, leaving it with the rank of Captain, when he took service with the Porte as Military Instructor. In the year 1870, although then a Pasha, he applied to the Prussian War Office for leave to re-enter the Prussian army, even with his former rank of Captain. But this request was refused ; and it was intimated to him that it was not for the interest of Germany that officers who had taken service in the Turkish army should quit it. Blum Pasha is now Commandant of Varna, and ought to be well qualified for that charge, having been for several years Inspector-General of Ordnace in the fortresses. Mahomet Ali Pasha is not on a footing of great intimacy with his fellow-countrymen. It is even said that the former ship-boy, who has to endure so many indignities in his old vocation, feels that Prussian officers will scarcely look upon him as socially their equal whatever his present military rank may be. He seems studiously to avoid as much as possible all intercourse with them. Strecker and Blum have remained Christians, while some say Mahomet Ali affects a Mussulman fanaticism which he does not feel, and that he has thus acquired an authority and respect to which otherwise he could not pretend. His wife belongs to an Osmanli family of high rank, and such ladies confer an honour on a man of inferior station whom they may marry. It is, in any case, a fact that Mahomet Ali Pasha is now received within the *clique* of the Stamboul Effendis, and treated by the same as one of themselves. There can be little doubt that he owed his promotion more to the influence of Turkish personal friends than to the accident of his Prussian birth.

That the electric light is destined to supersede the rows of gas lights in our streets, is hardly doubtful, we think, and the change may not be very far off either. A Russian Engineer officer M. Paul Jablochkoff, is stated to have invented a new apparatus, which has been tried in Paris with great success. It differs, says a home contemporary, from any hitherto in use, in having the two carbon ends placed side by side, instead of one above the other.

Brigham Young, the great chief of the Mormons, died on Wednesday, Aug. 29. He was not the founder of the polygamous sect which dwells at Salt Lake City—that is a distinction to be awarded to Joseph Smith, but Young did more than Smith ever dreamed of doing to build up the worldly fortunes of the Latter Day Saints. The book of Mormon would have done but little unless Brigham Young had possessed consummate cleverness and gennuine organising power. From his colleagues and subordinates he received little or no assistance. It was entirely the result of his own individual skill and vigour that he erected a flourshing city in a wilderness, transformed a pestilent superstition into a practical rule of life, and made out of a promiscuous multitude, which included the scum of Europe—the most thriftless, idle, and immoral—an industrious and thriving community, Brigham Young leaves behind no successor, and it is probable that with his death the decline of Mormonism will actively commence.

The Government Director of Indian Railways in England, Mr. Juland Danvers, has just published his report on Railways in India for 1876-77. His report says:—

There were open in India 6,937 miles of railway, of which 479 were completed during the year 1876. Of this length, 767 miles are laid with a double line; 5,748 are constructed on the 5ft. 6in. gauge,, and 1,162 on the metre guage. The most important additions made within the year are those of the South Indian Railway, between Madras and Tuticorin, and of the Panjab Northern Line, between Lahore and Jhelum. The works on the Northern Bengal and the Indus Valley have been advanced considerably, and it is expected that portions of these lines will be opened during the present year. The line from Rangoon to Prome is probably by this time open for traffic. The total amount expended on the railways to the 31st of March last, as regards the guaranteed lines, and to the 31st of December, as regards the Sate lines, was £109,364,867, of which £94,272,265 consisted of guaranteed capital, and £15,092,602 was raised by the Government for the State lines. During the year 1876 about £3,5000,00 was expended on the State, and £879,665 on the guaranteed lines.

Burmha does not fare better than Bengal as regards administration of justice by English Huzoors. Here is an instance to the point. Moung Phokin, a bazar goung, or headman of the Government bazar at Pegu, was recently sentenced by the Deputy Commissioner of Rangoon to four years' rigorous imprisonment and a fine of Rs. 500, for criminally misappropriating a sum of Rs. 15. He got off on appeal, the Commissioner finding that there was nothing on the record to show that the amount had not been paid to the Government. A civil action for damages is talked of by the accused, who has been nearly two months in jail, whilst his case was proceeding.

The *Levent Herald* gives some particulars about the new Turkish gendarmerie under Baker Pasha. Amongst the officers are Colonels Earle and Tahir Beg, both ex Indian policemen ; Colonel Shuldham, late Madras Infantry, and Captain Studdy, another policewallah, besides other officers from European regiments.

If the special correspondent of the *Manchester Times* is to be believed, a compact has long been formed by Russia and Germany to divide Turkey amongst themselves. Here is the deed of partition :—

No one has ever doubted that the chief promoter of the present war is Prince Bismarck, who, it is asserted by people in a position to know, and who weigh carefully their words, say that the Chancellor has, with the collaboration of Prince Gortschakoff and General Ignatieff, devised a plan for the remodelling of the map of Europe, to which both Russia and Italy have given their unqualified adhesion. This treaty will be followed, at the proper moment, by a war with the nations of Western Europe, and particularly with France, whose partition is to be the price paid by Russia for Germany's moral support until after the conclusion of satisfactory terms with vanquished Turkey. Bulgaria, Roumania, and one half of Servia, with a certain amount of territory, in Asia Minor, are to be annexed to the Russian Empire. Should Austria consent to join the alliance, she will receive Bosnia, the Herzegowina, Servia west of the Morava Valley, and Roumelia—that is to say, Bulgaria south of the Hoemus, Epirus, Thessaly, Thrace, and Macedonia, as far as Salonica, which is to become an Austrian port. If she refuses to give her adhesion, Hungary and Transylvania are to be divided between Germany and Russia, as also Galicia ; the other provinces to enter into the Germanic Confederation, with the exception of the Tyrol, Illyria, and Dalmatia, which are to be given to Italy. The Bosphorus is to be opened to the commerce of all nations, with Constantinople as a free port under the collective guarantee of the high contracting parties. France is to be invited and, if necessary, compelled, to make the sacrifice of Belfort and the remainder of Lorraine to Germany ; of Nice and Savoy to the kingdom of Italy ; Toulon is to become an Italian port ; Holland, Belgium, and eventually all Poland to be annexed to the German Empire. But from the manner in which the Turks are chastising the Russian bear it would appear that it is not after all so easy to drive the Turks "with bog and baggage" from Europe. Russia single-handed has been defeated whenever she has come into contact with Turkey, and we have yet to see whether Russia and Germany combined meet with a better fate.

The last step in modern progress taken by the Japanese is that a meteorological observatory, with all the best modern instruments, is to be established at Kaga Yashiki.

It is reported that matters are begining to assume a really serious aspect in Nepal, and that there is every probability of a civil war breaking out. It appears that the Thappa party, who were so effectually cowed by the late Jang Bahadur, have again taken heart, and intend making a bid for power. A good deal of intriguing has been going on ; as a result of which the Commandant of Elam, a Thappa, related by marriage to the late Prime Minister, has had to live his district precipitately, and is now living in concealment.

Among the reserves called up in Russia are several battalions of Jews, who, if sent to the front, will be the first of this race to make a *debut* in fighting since the destruction of Jerusalem. Until 1874 the Jews in Poland and other portions of Russia were exempt from military conscription ; partly by reason of the aversion that was entertained towards them by the orthodox soldiers, and partly on account of their being regarded in the light of foreigners. When, however, the decree of universal conscription was promulgated, a cry arose among the Russian merchants that they were placed at a disadvantage with respect to their competitors in trade, and as the latter formed a large proportion of the population of Poland, the Government felt that their exemption was an injustice to the rest of the people. Orders were therefore given for the Jews to become amenable to the new military law, and numberless were the caricatures depicted, when for the first time in European history the Israelites were chosen by ballot, and formed into battalions of infantry. When effiminate Hebrews have been converted into warriors there is yet hope for the Bengalees.

Home News August 31. says :—

Just a week ago it was stated in the pro-Turkish papers, such as the *Daily Telegraph* and the *Morning Post* that the Shipka Pass had been taken by Suleiman Pasha. It turned out that it was the village of Shipka, two miles to the south, which had been occupied. There has, however, been since then fighting fierce, destructive, and almost unintermitting in the Pass Itself. The word Pass appears to be a misnomer. It is not a single fortified defile, but a deep ravine, with densely-wooded slope on either hand. On 24, Friday Aug, Suleiman commenced his attack, not only on the Russian front, but on the Russian flanks. Throughout Saturday, Sunday, and Monday there was scarcely any pause in the game of slaughter. There were Turkish and Russian onslaughts, and again Turkish and Russian repulses. The whole series of bloody engagements, which are not yet concluded, bids fair to terminate in a drawn battle. The war correspondent of the *Daily News*, who has accomplished one of the greatest feats of journalism by telegraphing on Sunday a most admirahly graphic account of the fighting since Friday, occupying six columns of his newspaper, is of opinion that the Russian General Radetzky will hold Shipka. The heights are strewn with dead, unburied bodies ; a pestilence is being bred. The Russians, attacked on all sides, are computed to have lost upwards of 3,000 men killed, as many more being missing or wouded. While the valour of both armies has been conclusively proved in these fearful trials of strength—the Russians, outnumbered by nearly three to one, holding their own in the face of fearful odds—the Turks have shown that they can not only fight from their entrenchments, but they are terrible foes when they take the offensive and fight in the open.

The same paper has the following on Russian atrocities :—

Revolting narratives of the lust and bloodthirsty rage of the Muscovite soldiery continue to reach us, but from sources which render it necessary that large deductions shouldbe made on the score of want on exaggeration. Colonel Wellesley, the English military *attache* at the Russian headquarters, who may be credited with a tolerably sincere hatred of the Czar, his soldiers, and all their works, has written a despatch which the English Government would have done well to publish before this, and in which he signifies his entire disbelief in these allegations against the Russians. Excesses, of course, there have been of the worst kind—some of them perpetrated by Cossacks, and others by Bulgarians insolently exulting at the prospect of liberation from the detested Mussulman rule. But there are no signs that the regular troops of the Czar are active agents in the organised system of savagery which, if not encouraged, is certainly not adequately repressed by the Turkish Pashas. It should be mentioned that, in reply to the protests of Prince Bismarck against the violations of the Geneva Convention by the Ottoman troops, the Porte has circulated a Turkish version of the Convention among its soldiers. But it has given no direct order for its observance ; still less has it announced that its non-observance would be accompanied by pain and penalties.

The following touching account of a sister's devotion and how an innocent man in the name of justice was transported for life has been published by the Bombay *Rast Gafter* :—

On the same 15th July, Sunday, after the deposition of the woman was taken the following order was passed :—"Let a notice be served on the complainant to appear within three days and name further witness or else to shew cause why his complaint should not be dismissed." On his arrival, Dukha in obedience to the notice appeared before the Magistrate and was asked to produce his witnesses immediately. The orders of the Magistrate are significant and charcteristic. He says: "I direct Dukha to *go again* and find the remaining witnesses and as night has fallen and I consider it important to record the statement of Hurry Tear as early as possible, I direct Dukha to bring the witness, as soon as he can find him, *to my house*."

So the Magistrate was in a very great hurry. There was no hurry when Dukha applied for an immediate search of his wife. There was then no hurry to 'record the statement [of Koilashee] as early as possible.' So the proceedings were open and regular though the Magistrate held his cutchery in his own house at night! There was no notice issued either to the complainant or to the accused. There was no notice served upon the witnesses, and the complainant was asked to procure the attendance of his own witnesses, and when he failed to bring them, he was sent back to try again! There was no day fixed for hearing the case; sometimes there was the hurry of a railway guard and sometimes the dilatoriness of a snail.

Where was Koilashee Dashee in the meantime? She has been again missing since the day she is alleged to have been brought before the Magistrate. No body knows where she is. Thus a husband asked the aid of the Court to find his wife who was below the age of sixteen. The Court found her easily though Dukha had been searching for her for several weeks The Court found her and then sent her not to the care of her husband or her mother, but to the wide, wide world, though we find in the record, she stated to the Magistrate that she had no place where to go. In short, why was she not confronted with her husband? We ask those whom it may concern to take special note of this fact. Did Dukha get any help whatever from the Court? Did the Court take any interest to get at the actual facts of the case, or to offer any redress? Or was not the complainant hunted like a prisoner, dogged by the police, maltreated by them, and treated as if he was the accused and not the complainant?

On the 23rd the case was dismissed. The Magistrate begins thus: "Dukha says that he cannot himself or *with the assistance* of the police produce the remaining witnesses, it now therefore remains for the Court to determine what orders to pass in the case." It was a strange statement for Dukha to make that he cannot with the assistance of the police produce the remaining witnesses; and it is stranger still that the Magistrate was satisfied with a statement which has no meaning. It was for the police to determine whether or not they could procure the attendance of any witness or not, and it was for the Magistrate to procure the attendance of the witnesses of a complainant. It would seem from the action of the Magistrate that he thought that Dukha deserved no help whatever from the Court and he must do everything himself.

In the decision the Court remarks: "Now I had some reason to distrust the truth of the complainant, because it was known to me officially that on the night of the woman's disappearance Mr. James was far away in the south of the District." So the Magistrate was not only a Judge but a witness too. This official information is nothing more, we presume, than a letter which Mr. James wrote to the Magistrate. But, as a matter of fact, did he or did he not hold his cutchery on that day? Did he or did he not enter the boat in the —evening? The chief reason upon which the Magistrate bases his decision is that Dukha cannot procure his witnesses! Mr. Rees is the Magistrate of a District, and has he yet to learn that it is the duty of the Court to procure the attendance of the witnesses of a complainant? The action of the Magistrate would indicate that he lost the soundness of his mind the moment Dukha made the application. The next point to determine is whether or not Mr. James left the Town just as he entered the boat, or stayed in the Ghat the whole of that night? These are facts which the Magistrate might have easily ascertained, and before he had trusted an official communication which however is not on the records.

We confess we have never come across such a case as this. We have heard good accounts of Mr Rees, his conscientious discharge of duties, and goodness of temper. But we would quote here the remark of J. J. Pontiefex and Birch in the case of Roghuram Hazra for the edification of Muffasal Hakims. They remarked: "He well knew the nature of the case he was going to investigate, he well knew with what jealous eyes the native community watch the proceedings of Magistrates and Police officers in cases of that kind, and with this knowledge &c. &c." Mr. Rees should know that such cases are watched with a jealous eye by the entire native community and his proceedings should have been such as to be above the least breath of suspicion. Cases like these move the deepest feelings of the native community. The Mussalmans have gone but they have left a bad name behind, and by Mussalman oppression it is meant the outrages now and then committed by them in the zenanas of the people. Every oppression in connection with Mussulman rule has been forgotten but not that. If Mr. James is innocent, the Magistrate has done a great injury to that gentleman by proceeding in the case as he has done; if he is guilty he should have been cast off for the good name of the nation which rules us.

——000——

পাশার সাহায্যার্থে যে তুর্ক সৈন্য দল ...করিতেছিল তাহা রুশ প্রহরী সৈন্যদল কর্ত্তৃক ...স্ত হয় এবং তুর্কেরা হটিয়া গিয়াছে।

তুর্ক সরকারী পত্রে প্রকাশিত হইয়াছে যে, তুর্ক সৈন্য সমরের উপকরণ লইয়া প্লেবেনাতে প্রবেশ করিয়াছে।

কাবুল।

তুর্কদূত ৬ই সেপটেম্বরে কাবুলে উপস্থিত হন। অনেক গুলি সম্ভ্রান্ত লোক বতহথ নামক স্থানে উপস্থিত হইয়া দূতকে গ্রহণ করেন এবং তাঁহারা তাঁহাকে সঙ্গে করিয়া কাবুলে গমন করেন। আমীর তাঁহাকে সমাদরের সঙ্গে গ্রহণ করিয়াছেন এবং তাহার প্রতি তিনি বিশেষ যত্ন করিতেছেন।

দিল্লি গেজেটের সম্বাদদাতা লিখিয়াছেন যে তুর্ক দূত কাবুলে উত্তীর্ণ হইবার সময় কাবুল হইতে দুই মাইল দূরে আমিরের প্রিয় পুত্র আবদুল জান ও নগরের হাকিম অনেক প্রধান ২ লোক সমভিব্যাহারে উপস্থিত হইয়া দূতকে গ্রহণ করেন। আমির, তাঁহার জ্যেষ্ঠ পুত্র ইয়াকুব খাঁ এবং কাবুলের অনান্য বিখ্যাত ব্যক্তিরা নগর প্রবেশর দ্বারে উপস্থিত হইয়া দূতকে গ্রহণ করেন। সৈন্য দল দূতকে সম্মান করে। নগর বাসীরা তাহাকে সম্মান করে এবং শেষে তিনি একটি অপূর্ব্ব সজ্জীভূত গৃহে অবস্থিতির নিমিত্ত গমন করেন।

তুর্ক দূত সম্বন্ধে বিলাতি এক খানি সম্বাদ পত্রে এই বিবরণ প্রকাশিত হইয়াছে। ইনি এক জন অতি সম্ভ্রান্ত ব্যক্তি। কাবুলের আমির রুশদিগের সঙ্গে ...ন রূপ আত্মীয়তা না করেন, এবং ব্রিটিশ রাজ্যের ...আত্মীয়তা রাখেন এই বিষয়ে আমিরকে প্রবৃত্তি ...ইবার নিমিত্ত তিনি কাবুলে গমন করিতেছেন।

তুর্ক দূতের সম্মানার্থে আমির একটি অপূর্ব্ব দরবারের অনুষ্ঠান করেন। কাবুলের নানা স্থান হইতে ...ন ২ সর্দ্দার সসৈন্যে এই দরবারে উপস্থিত হন। ...উপস্থিত হইলে দরবারস্থ লোক তাঁহাকে সসম্ভ্রমে ...ণ করেন। দূত সুলতানের প্রেরিত উপহার আমিরকে ...দান করেন। এই উপহারের মূল্য ৪ লক্ষ টাকা ...বে। শেষে সুলতানের পক্ষ হইতে তিনি আমিরের নিকট এই কয়েকটি প্রস্তাব করেন। (১) রুশেরা মুসলমান ধর্ম্ম নষ্ট করিবার উদ্দেশ্যে তুর্ক আক্রমণ করিয়াছে, সুতরাং সমুদয় মুসলমানদিগের এ সময় একত্র হওয়া উচিত। (২) যাহারা এই রূপ অত্যাচারী তাহাদের সঙ্গে আমিরের আত্মীয়তা ইহা শুনিয়া সুলতান অতিশয় আশ্চার্যান্বিত হইয়াছেন। (৩) সুলতানের ইচ্ছা যে আমির পূর্ব্বের ন্যায় ইংরাজদিগের সঙ্গে আত্মীয়তা করেন। দূতের কথা শেষ হইলে, আমির অনান্য কথার মধ্যে তাহাকে জিজ্ঞাসা করেন ১৮৫৬ অব্দে যে সন্ধি স্থাপন হয় ইংরাজেরা কি সেই সন্ধি অনুসারে তুর্কিকে এই যুদ্ধে কোন সাহায্য করিয়াছেন? দূত ইহার এই উত্তর দেন যে না অদ্যাপি কোন রূপ সাহায্য করেন নাই, তবে রুশেরা যদি কনেস্টেণ্টিনোপোল আক্রমণ করেন এবং বিলাত হইতে ভারতবর্ষে জাহাজ আসার যদি বিঘ্ন উপস্থিত হয় তাহা হইলে ইংরাজেরা সাহায্য করেবেন। আমির বলেন যে রুশের সঙ্গে তিনি কোন রূপ সন্ধি করেন নাই। আমির আরো বলেন যে যদি ইংরাজেরা তাহাদের পূর্ব্বকার প্রতিজ্ঞা রক্ষা করেন তাহা হইলে তাহাদিগের সঙ্গে তাহার আত্মীয়তা করার কোন আপত্তি নাই।

মিলিটারি গেজেট তুর্ক দূতের কাবুল গমন সম্বন্ধে লিখিয়াছেনঃ—"জালালাবাদে তুর্কদূত অতিশয় সসম্ভ্রমে গৃহীত হন। গবর্নর সা মুর্দ্দ খাঁ এবং অনান্য সম্ভ্রান্ত ব্যক্তিগণ অতি সমারোহের সঙ্গে আলি মসজিদ হইতে ইহাকে জালালাবাদে আনয়ন করেন। তাহাকে দর্শনার্থে জালালাবাদে বিস্তর লোকের সমাগম হয়

আমির এদিকে তুর্কদূতকে এই রূপ সম্ভ্রম করিতেছেন, ওদিকে আবার তাঁহার দরবারে রুশীয় দূত উপস্থিত রহিয়াছেন এবং ইনি আমিরের অতিশয় প্রিয় পাত্র।

এই রূপ রাষ্ট্র যে তুর্ক দূত উপস্থিত হইয়া আমিরকে হস্তগত করিতে না পারেন এই নিমিত্ত রুশিয় গবর্ণমেন্ট তুর্কিতে আর এক জন দূত প্রেরণ করিয়াছেন।

কাবুলের আমিরের সঙ্গে কাসগারের নূতন আমিরের বিবাদ হইবার সূচনা হইয়াছে। কাবুলের আমির কাসগারের আমিরকে পত্র লিখেন যে তিনি কেন কাশ্মীরের মহারাজার সঙ্গে আত্মীয়তা করিতেছেন? কাসগারের আমির ইহাতে বিরক্ত হইয়া এই উত্তর দিয়াছেন যে তিনি স্বাধীন রাজা, তাহার যাহা ইচ্ছা তিনি তাহাই করিবেন। কাবুলের আমির ইহাতে ক্রোধান্বিত হইয়া কাসগারের বিপক্ষে যুদ্ধের আয়োজন করিতেছেন।

আমিরের এক দিকে ইংরাজ অপর দিকে রুশিয়া; দরবারে তুর্কি ও রুশিয়া হইতে দূত উপস্থিত; কাসগারের আমিরের সঙ্গে আবার যুদ্ধের আয়োজন হইতেছে, এতদ্ভিন্ন নিজ রাজ্যে ২৪ ঘণ্টা বিবাদ রহিয়াছে। সম্প্রতি হোসেন আলীখাঁ হিরাট হইতে অনেক গুলি সৈন্য সংগ্রহ করিয়া কাবুলে পাঠানের যত্ন করেন কিন্তু সৈন্যেরা অবাধ্য হইয়া নিজ২ বাস স্থানে পলায়ন করিয়াছে। কারাম নামক স্থানের পার্ব্বতীয় জাতির উপর কর নির্দ্ধারণ ও উহা সংগ্রহ করিবার নিমিত্ত আমির তাহার এক জন কর্ম্মচারীকে প্রেরণ করেন, এবং এই রূপ রাষ্ট্র পার্ব্বতীয় জাতিরা বিদ্রোহী হইয়া আমিরের প্রেরিত লোককে হত্যা করিয়াছে। লোকে বিপদে পতিত হইলে বলে শত সূর্য্য উদয় হইয়াছে, কিন্তু আমিরের বোধ হয় সহস্র সূর্য্য উদয় হইয়াছে, অথচ তিনি এই রূপ বাহাদুর যে সমান ভাবে সকল দিক রক্ষা করিতেছেন।

— —

ইডেন সাহেব তাঁহার উড়িষ্যার রিপোর্টে লিখিয়াছেন যে উক্ত বিভাগে আফিং ও গাঁজার ক্রমে অধিক প্রচলন হইতেছে, আবার মদ যত বিক্রয় হওয়া উচিত তাহা অপেক্ষা এখন ২৪৩৭ মন কম বিক্রয় হইয়াছে। তিনি এই রূপ লিখিয়াছেন যে, ডাক্তার রিচার্ডসের মতে অন্যান্য মাদক দ্রব্যাপেক্ষা আফিং ভাল। ইডেন সাহেবেরও এই মত। তাঁহার বিবেচনায় গাঞ্জা মাদক দ্রব্যের মধ্যে সর্ব্বাপেক্ষা অপকৃষ্ট, এবং যদিও পূরী, বালেশ্বর, কটক প্রভৃতি স্থানে উচ্চ মূল্যে গাঞ্জা বিক্রয় হয় তথাচ সেখানে গাঞ্জার ব্যবহার ক্রমে বৃদ্ধি হইতেছে। তিনি এই নিমিত্ত গাঞ্জা বোর্ডে লিখিয়াছেন যে, তাহাদের গাঞ্জার শুল্ক আরো বৃদ্ধি করা কর্ত্তব্য। ইডেন সাহেব ও ডাক্তার রিচার্ডস মাদক দ্রব্য সম্বন্ধে যেরূপ মত প্রকাশ করিয়াছেন এ দেশীয়দের অনেকের মত তাহার বিপরীত। তাহারা আফিংকে সর্ব্বাপেক্ষা অপকৃষ্ট ও অনিষ্টকর নেশা মনে করে। আবার তিনি যেরূপ বলিয়াছেন যে, আফিং সেবন করিলে জ্বর ও অন্যান্য পীড়াতে অপেক্ষাকৃত অল্প আক্রমণ করিতে পারে সেটিও এদেশীয় লোকের বিশ্বাসের বিপরীত। বরং তাহারা জানে যে গাঞ্জা জ্বরঘ্ন, এবং গাঞ্জা ব্যবহার করিলে জল দোষের পীড়া হয় না। এই নিমিত্ত রঙ্গপুর, দিনাজপুর প্রভৃতি স্থানে লোকে অধিক গাঞ্জা ব্যবহার করে। সে যাহা হউক, ইডেন সাহেব যদি প্রজাদিগকে এই অনিষ্টকর মাদক দ্রব্য হইতে নিস্তার করিবার নিমিত্ত গাঞ্জার শুল্ক বৃদ্ধি করিতে আদেশ দিয়া থাকেন তাহা হইলে সেই সঙ্গে২ আফিং ও মদ ও অন্যান্য মাদক দ্রব্যের শুল্কও বৃদ্ধি করা কর্ত্তব্য। কারণ লোকে যদি উচ্চ মূল্যের নিমিত্ত গাঞ্জা পরিত্যাগ করিয়া আফিং কি মদ ব্যবহার আরম্ভ করে তাহা হইলে দেশের বিশেষ ক্ষতি হইবে। আফিং কি মদের নেসাতে যত উপকারই থাকুক, ইহা ব্যবহার বহু ব্যয় সাধ্য এবং বঙ্গবাসী দরিদ্র প্রজার সাধ্য মাদক দ্রব্য ব্যবহার করিলে যত অনিষ্ট সহ্য করিবে, গাঞ্জা ব্যবহার দ্বারা সে পরিমাণে অনিষ্ট বহু ব্যয় সহ্য করিবে না।

পূর্ব্ব বাঙ্গলার এক জন সম্ভ্রান্ত জমিদার আমাদিগকে এই সম্বাদটী প্রেরণ করিয়াছেন। "ঢাকার দুই জন মুসলমান যুদ্ধের নিমিত্ত তুর্কিতে গমন করে ইহার এক জন যুদ্ধে হত হইয়াছে এবং তুর্ক গবর্ণমেন্ট তাঁহাদের বোম্বাই প্রতিনিধির নিকট তারে সম্বাদ দিয়াছেন যে এই ব্যক্তি যুদ্ধ ক্ষেত্রে স্বহস্তে ১২ জন রুশিয়কে নিপাত করিয়া শেষে যুদ্ধে পতিত হয়। তুর্কির সুলতান লিখিয়াছেন যে, এই ব্যক্তি যুদ্ধ ক্ষেত্রে যেরূপ বীরত্ব দেখাইয়াছেন এবং যেরূপ বীরত্বের সঙ্গে বিধর্ম্মীর প্রাণ নষ্ট করিয়াছেন তাহাতে এ ব্যক্তির স্বর্গে স্থান হইয়াছে এবং ইনি এক জন পয়গম্বর হইয়াছেন।"

বিলাতে ম্যানশন হাউস ফণ্ডে মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত ২০ লক্ষ টাকা সংগৃহীত হইয়াছে।

সংবাদ।

— মকর্দ্দমায় কি রূপে দেশ উচ্ছিন্ন যাইতেছে তাহার একটি দৃষ্টান্ত আমাদিগকে এক ব্যক্তি লিখিয়া পাঠাইছেনঃ—"কোন ব্যক্তি ঘটনা বশতঃ ৭৬ জন লোকের প্রতিকূলে ছয় কাটা ভূমির উপস্বত্বের ক্ষতি পূরণ বাবত ৩ টাকা পরিমাণে এক ডিক্রী জেলা যশোহরের কোন বিভাগের মুনসেফ আদালতের বিচারে সিদ্ধ করেন, কিন্তু তিনি ঐ ডিক্রীর তারিখের এক বৎসর পরে ঐ ডিক্রী এইক্ষণ উক্ত ৭৬ জনের প্রতিকূলে জারি করিতে, দেওয়ানি কার্য্য বিধানের ২১৬ ধারা মতে দায়িকগণের নামে এতলা জারি করণের প্রত্যেক দায়িক ১ টাকা হিসাবে ৭৬ টাকা তলবানা দিতে হইবে শুনিয়া অবাক হন। ৩টাকা ক্ষতি করা অপরাধ দায়িকগণ পূর্ব্বে ১১৷৴ টাকা (আরজী ওকালত নামা দরখাস্ত ও তলবানা ইত্যাদি কোর্টফির মূল্য বাবত) খরচা দিতে বাধ্য হইয়াছে, আরও ডক্রী জারিতে কেবল এতলা নামা জারির তলবানা বাবত উক্ত ৭৬ টাকা খরচা, তদ্ভিন্ন ডিক্রী জারির আরজি ইত্যাদি কোর্টফি খরচা দিতে বাধ্য হইবে। ৩ টাকা মূল্য ক্ষতি জনক পাপ কার্য্যের স্থলে প্রায় শত টাকা উক্ত রোসমাদি বাবত গবর্ণমেন্টে দণ্ড দিবে, ইহা অপেক্ষা অবিচার ও লঘু পাপে গুরু দণ্ড হওয়া কেহ কোথায় কোন কালে কোন রাজ্যে দেখিয়াছেন? এই ত গেল অপরাধী প্রতিবাদীর দণ্ডের কথা, এখন বাদীর দণ্ডের কথা শুনুন।

বাদী ঐ তিন টাকা দাবির নালিষ ডিক্রী করিতে ৯ বার বিচার আদালতে যাইতে প্রবাস বাস ও পথের খরচ খরচা এবং উকিলের (সকলেই জানেন এক পয়সা দাবির মকর্দ্দমা মাত্রেও ২ টাকার কমে কবুল লেখা অভ্যাস নাই সুতরাং উকিল ফিসের নিয়মাবলি বিধিবদ্ধ যে আছে সে বিড়ম্বনা মাত্র) ফি ইত্যাদি নানা বাবে অন্যূন ২৫ টাকা খরচ করিতে হইয়াছে। আশ্চর্য্যের বিষয় এই যে উল্লিখিত অনিষ্ট পাত জানিয়া শুনিয়াও এই দুর্ভাগ্য বঙ্গদেশে লোকের ক্রমশ মকর্দ্দমা করার স্পৃহা বলবৎ ভিন্ন অরুচি দায়ক হইতেছে না এবং গবর্ণমেন্টেরও অর্থাগমে মুগ্ধ হইয়া ঐ সকল পাপের গুরু দণ্ড লাঘব করার পক্ষেও বিধি করিতে দৃষ্টি নাই।

যে এতলা জারির তলবানা সম্বন্ধে এই প্রস্তাব লিখিবার মূল কারণ হইয়াছে তৎ সম্বন্ধে আর কিছু ব্যক্ত না করিয়া ক্ষান্ত হওয়া যায় না। উক্ত মত এতলা জারি করিতে প্রত্যেক দায়িকে ১ টাকা হারে তলবানা দেওয়ার নিয়ম সকল স্থানে নাই, অন্যান্য অধিকাংশ মুনসেফ আদালতে ১ টাকা মাত্র তলবানা দিলেই যত ব্যক্তি কেন দায়িক থাকুক না তাহাদের সকলেরই নামে সচরাচর উক্ত ২১৬ ধারা মত এতলানামা জারি হইতে দেখা যায়, অতএব এক শ্রেণীর ভিন্ন ২ আদালতে এমত তলবানা বিধির বৈশম্যতা হওয়ার আদি কারণ ও মূল বিবরণ যে কি তাহা জানি না। অতএব সানুনয়ে নিবেদন কর্ত্তৃপক্ষ রাজ পুরুষ মহোদয়গণ সমস্ত অধীন বিচার আদালতকে বিশেষত যশোহরের সহৃদয় জজ সাহেব বাহাদুর তদধীন সকল মুনসেফ রায় বাহাদুর মহাশয়গণকে উক্ত তলবানা বিধানের সর্ব্ব প্রকৃত অর্থ স্পষ্ট করিয়া বুঝাইয়া দিয়া প্রজাগণের দুঃখর্ত্তার অপনয়ণ করিয়া কৃপা প্রকাশ করুন।"

—আয়ার নামক এক জন ডেপুটী মাজিষ্ট্রেট কর্ম্মচ্যুত হইয়াছেন। ইনি কি গুরুতর অপরাধে অপরাধী হন, এবং এই নিমিত্ত ইহার কর্ম্ম গিয়াছে।

—বোম্বাই টাইমস্ লিখিয়াছেন যে গত বৃষ্টি দ্বারা শোলাপুর ও কালাদগি নামক স্থান ভিন্ন বোম্বাই বিভাগের অপর স্থানের অবস্থা বিস্তর উন্নত হইয়াছে।

—বোম্বাই নগরে অন্নের নিমিত্ত ইতি পূর্ব্বে বিস্তর লোকের সমাগম হয়। আপাতত শস্য ক্ষেত্রের অবস্থা উন্নতি হওয়াতে বোম্বাই নগর হইতে বিস্তর লোক উক্ত নগর পরিত্যাগ করিয়া মফস্বলে গমন করিতেছে।

—এই রূপ রাষ্ট্র যে, নেপালের আত্ম কলহ দিন২ বৃদ্ধি হইতেছে।

—ইংলণ্ড হইতে দুর্ভিক্ষের নিমিত্ত আরো টাকা আসিয়াছে। লিবারপুল হইতে ১৫০০০০ টাকা, এডিনবার্গ হইতে ৫০০০০ টাকা, এবং ব্লাকবরণ নামক স্থান হইতে ১৫০০০ টাকা দুর্ভিক্ষের নিমিত্ত প্রেরিত হইয়াছে।

—যোধপুরে অনাবৃষ্টি হওয়াতে তথাকার লোকে মন্বান্তরের আশঙ্কা করিতেছে। একে ত অনাবৃষ্টির নিমিত্ত শস্য ক্রমে শুষ্ক হইয়া যাইতেছে, তাহাতে আবার কর্তৃপক্ষীয়েরা আজ্ঞা দিয়াছেন যে কোন বনিক আহারীয় শস্য টাকায় দশ সেরের কম বিক্রয় করিতে পারিবে না, বানিয়ারা এই নিমিত্ত শস্যের আমদানি রহিত করিয়াছে এবং ইহাতে ইহাই হইয়াছে যে বাজারে একেবারে আহারীয় শস্যের আমদানি নাই এবং লোকে টাকা হাতে করিয়া দ্বারে২ আহারীয় শস্যের নিমিত্ত ভ্রমণ করিতেছে।

—মান্দ্রাজ দুর্ভিক্ষের সাহায্যার্থে কৃষ্ণনগরে অর্থ সংগ্রহ হইতেছে। কৃষ্ণনগরের দেখা দেখি শান্তিপুরেও এই রূপ একটী অনুষ্ঠান হইয়াছে।

—মান্দ্রাজ দুর্ভিক্ষ প্রপীড়িত অনেক ব্যক্তি ত্রিবাঙ্কুরে গমন করিয়াছে। ত্রিবাঙ্কুরের মহারাজা ইহাদের সাহায্যের নিমিত্ত দেশে রাস্তা ঘাট আরম্ভ করিয়াছেন।

—লর্ড লিটন মান্দ্রাজে উপস্থিত হইলে মহারাণী বিক্টোরিয়া তাঁহাকে তারে সম্বাদ পাঠান। মহারাণী আক্ষেপ করিয়া বলেন যে, স্কটলাণ্ড যে বৃষ্টি দ্বারা প্লাবিত হইতেছে তাহার কিছু ভারতবর্ষে পাঠান যাইতে পারিত! মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত মহারাণী কি রূপ ব্যাকুল হইয়াছেন তাহা এই তারের সম্বাদ দ্বারা তিনি সম্পুর্ণরূপে ব্যক্ত করিয়াছেন। তবে তিনি যদি উপরিউক্ত সম্বাদটী না পাঠাইয়া তারে এই সম্বাদটী পাঠাইতেন যে, গ্রেট ব্রিটেন যে অর্থ দ্বারা প্লাবিত হইতেছে তাহার কিছু মান্দ্রাজে পাঠান যাইত তাহা হইলে আমরা অপেক্ষাকৃত অধিক সন্তুষ্ট হইতাম, তিনিও তাঁহার হৃদয়ের ব্যাকুলতার চিরস্মরণীয় নিদর্শন দেখাইতেন।

—মান্দ্রাজে সম্প্রতি যে বৃষ্টি হইয়াছে তাহাতে উপকারও হইয়াছে, আবার সেই সঙ্গে২ অপকারও হইয়াছে। জলের স্রোতে দুই এক স্থানে রেলওয়ে ভগ্ন হইয়া গিয়াছে। ইহাতে অনেক স্থানে শস্য রপ্তানি বন্ধ হইয়াছে।

—পাওনিয়ার কাসগার হইতে শুনিয়াছেন যে, মৃত আমিরের পুত্র হাখকুলি বেগ পিতার শব লইয়া কাসগারে পলায়ন করেন এবং সেখানে ইহার সমাধি কার্য্য নির্ব্বাহ হয়। আমিরের জ্যেষ্ঠ পুত্র বেগকুলি বেগ অবগত হন যে তাহার কনিষ্ঠ ভ্রাতা তাহার বিরুদ্ধে ষড় যন্ত্র করিতেছেন, এবং তিনি আপনাকে নিরাপদ করিবার নিমিত্ত কনিষ্ঠ ভ্রাতাকে গুলি করিয়া হত্যা করিয়াছেন। আমরা ইতি পূর্ব্বে প্রকাশ করি যে এই রূপ রাষ্ট্র যে হাকম খা তোরার আমরকে হত্যা করিয়াছেন এবং আমর হাকিম খাঁ তোরার পিতাকে রাজ্যচ্যুত করিয়া কাসগারের সিংহাসন আরোহণ করেন। সম্প্রতি রাষ্ট্র হইয়াছে যে আমিরের জ্যেষ্ঠ পুত্র বেগ কুলি বেগের সঙ্গে হাকীম খাঁ তোরার দেখা হইয়া পরস্পরের বিবাদ নিষ্পত্তি হইয়া গিয়াছে, এবং বেগ কুলীবেগ তাহার পিতার সিংহাসনে আরোহণ করিয়াছেন, এবং হাকিম খাঁ তোরা সর্ব্ব প্রধান সেনাপতির পদে নিযুক্ত হইয়াছেন।

—গবর্ণর জেনারেল গত শুক্রবারের পূর্ব্ব শুক্রবারে জোলারপেট নামক স্থানে উপস্থিত হন। মান্দ্রাজ গবর্ণর ডিউক অব বকিংহম ও জেনারেল কেনিডি এই স্থানে তাঁহার সঙ্গে দেখা করেন। ইহারা গবর্ণর জেনারেলের সঙ্গে বেলেরি পর্য্যন্ত গমন করেন।

—মার্শেল ম্যাকমোহন ফ্রান্সের রিপবলিক দলকে অপদস্থ করিবার নিমিত্ত কঠোর নিয়মে রাজ শাসন করিতেছেন। বিখ্যাত মসু থুয়ারসের মৃত্যু হওয়াতে রিপবলিক দলের এক রূপ শিরোচ্ছেদ হইয়াছে। আবার রিপবলিক দলের প্রধান বীর গ্যামবেটা কিছু দিন হইল লীলি নামক স্থানে একটী বক্তৃতা প্রদান কালে বলেন যে যদি রিপবলিক দলের লোক আগামী নির্ব্বাচনে চেম্বার অব ডেপুটির সভ্য রূপে মনোনীত হন, তাহা হইলে মার্শেল ম্যাকমোহনের যাহা ইচ্ছা এখন তাহাই বলুন না। গ্যামবেটা, এই বক্তৃতা করাতে ফরাশিশ রাজ পুরুষেরা ইহাকে তিন মাসের নিমিত্ত কারাবাসের আজ্ঞা দিয়াছেন। তিনি আপিল করেন, আপিলে এই আজ্ঞা বহাল রহিয়াছে।

—ষ্টেটসম্যান সম্বাদ পত্র রুশের পক্ষীয় এবং তাহার ফ্রান্সের সম্বাদ দাতা লিখিয়াছেন যে তুর্কদিগের বর্ত্তমান নিষ্ঠুরাচরণের সঙ্গে তুলনা করিলে পূর্ব্বে বলগেরিয়াতে তাহারা যে অত্যাচার করে সে কিছুই না বলিলে বলা যায়। সলিমান পাশা যে দিক দিয়া বলকন পর্ব্বত অভিমুখে গমন করিয়াছেন, সে দিকে দগ্ধ গ্রাম, হত নরদেহ, ধর্ম্ম ভ্রষ্ট স্ত্রীলোক ভিন্ন আর কিছু দেখা যায় না। সে দিক একেবারে উচ্ছিন্ন গিয়াছে। ইস্কিসাগ্রা নামক একটী নগরে ২০ হাজার লোকের বসতি ছিল। ইহা অগ্নি ও তরবার দ্বারা শ্মশান ভূমিতে পরিণত হইয়াছে। যদি ষ্টেটসম্যানের সম্বাদ দাতার কথা বিশ্বাস করা যায় তাহা হইলে বলকন পর্ব্বতের এক দিকে মুসলমানেরা এই রূপ নিষ্ঠুরাচরণ করিতেছে, আবার বলকন পর্ব্বতের অপর দিকে রুশেরা কি রূপ নিষ্ঠুরাচরণ করিতেছে তাহা ডেলি টেলিগ্রাফের সম্বাদ দাতা এই রূপ বর্ণন করিয়াছেন। ডেলি টেলিগ্রাফের সম্বাদ দাতা লিখিয়াছেন যে যুদ্ধে সচরাচর যেরূপ নিষ্ঠুরাচরণ দেখা যায় বলকন পর্ব্বতের নিকট রুশেরা সেরূপ নিষ্ঠুরাচরণ করিতেছে না। রুশেরা অভিসন্ধি করিয়া এবং অবিচলিত চিত্তে একটি জাতি উচ্ছিন্ন দিতেছে। সহস্র২ লোক রসাতলে গিয়াছে এবং সহস্র২ লোক রসাতলে গমোন্মুখ অবস্থায় রহিয়াছে এবং ইহাদের যে কি হইয়াছে তাহা বিধাতা জানেন। সুসভ্য ইউরোপীয় জাতিরা পৃথিবীকে এই রূপ নর রক্তে প্লাবিত করিলেন, এবং যে নিষ্ঠুরাচরণ দেখিয়া হিংস্র জন্তুদিগের ঘৃণার উদয় হয় মনুষ্য কর্ত্তৃক সেই সমুদয় নিষ্ঠুরাচরণ করাইলেন। সভ্যতার যদি এই চরম ফল হয় তবে যত শীঘ্র সভ্যতা পৃথিবী হইতে অন্তর্হিত হয় ততই মঙ্গল।

—ইংরেজ দূত লেয়ার্ড সাহেব যেরূপ তুর্কির পক্ষীয় কর্ণেল ওয়েলেসলি সেই রূপ রুশের পক্ষীয়। কর্ণেল লেয়ার্ড ক্রমাগত রুশদিগের অত্যাচারের বিষয় ইংলণ্ডে লিখিয়াছেন, কর্ণেল ওয়েলেসলির রুশদিগের পক্ষ হইয়া লিখিয়া তৃপ্ত না হওয়াতে রুশদিগের নির্দ্দোষিতা সপ্রমাণ করিবার নিমিত্ত তিনি স্বয়ং ইংলণ্ডে গমন করিয়াছেন। তিনি ইংলণ্ডে উপস্থিত হইয়া বলিতেছেন যে রুশেরা কোন রূপ নিষ্ঠুরাচরণ করে নাই, প্রত্যুত অনেক স্থানে মুসলমানেরা স্বধর্ম্মাবলম্বী মুসলমানদিগের প্রতি নিষ্ঠুরাচরণ করিয়াছে এবং রুশেরা তাহাদিগকে আশ্রয় ও সাহায্য [illegible] য়াছে। তিনি সেখানে গিয়া আরো প্রকা[illegible] য়াছেন যে এখনও রুশদিগের হসপিটালে [illegible] আহত মুসলমানের চিকিৎসা হইতেছে এবং রুশে[illegible] তাহাদের প্রতি যথোচিত যত্ন করিতেছে।

—হরিমোহন ঘোষ নামক এক জন আমাদিগকে এই সম্বাদটি পাঠাইয়া দিয়াছেনঃ-"জেলা ২৪ পরগণার অন্তর্গত মহকুমা সাতক্ষীরার আসাশুনি থানার অধীন পরগণে ভালুকার পাথরঘাটা নামক খালে বিগত ১৭ই ভাদ্র তারিখে একটি শোচনীয় ডাকাইতি হইয়াছে। তাহাতে দুটি খুন ও একটি কারি জখম হইয়াছে। এটী অনুসন্ধানের নিমিত্ত বেলে বসুর হাটের সব ইনেস্পেক্টর ও হাসনাবাদের সব ইনেস্পেক্টর ও কালীগঞ্জের সব ইনেস্পেক্টর ও আসাশুনি থানার সব ইনেস্পেক্টর সাতক্ষীরার সব ইনেস্পেক্টর ও মাগুরার থানার সব ইনেস্পেক্টর ও বুধ হাটার ফাঁড়ির জমাদার মহোদয়গণ নিযুক্ত হন! তাহারা পূর্ব্বোক্ত স্থানে ৮।১০ দিবস থাকিয়া বিশেষ যত্ন সহকারে তদারক করেন কিন্তু কিছু মাত্রও আসকারা করিতে পারেন নাই।"

—ইংলিশম্যানের লণ্ডনস্থ সম্বাদদাতা লিখিয়াছেন যে বিলাতি সম্বাদ পত্রে সিপকা পাস যুদ্ধের এই রূপ বর্ণনা প্রকাশিত হইয়াছে। অতি অল্প সংখ্যক রুশেরা ক্রমাগত তিন দিন বিস্তর মুসলমান সৈন্যের সঙ্গে যুদ্ধ করিতেছে। তিন দিন তাহারা প্রায় অনাহারে সমভাবে যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইয়া যুদ্ধ করিতেছে। এই তিন দিনের অনেক সময় বোধ হইয়াছে যে এই বার বুঝি রুশেরা পরাস্ত হইল কিন্তু তাহারা মুহূর্ত্তে আবার শত্রুকে পরাস্ত করিয়াছে। গত কল্যের অপরা[illegible] তাহারা যুদ্ধে ভঙ্গ দিয়া হটিয়া যায়, ইতি মধ্যে [illegible] দের সাহায্যার্থে প্রেরিত রুশ সৈন্যেরা যুদ্ধ [illegible] সহসা উপস্থিত হয় এবং ইহারা এরূপ দ্রুত [illegible] আগমন করে যে ৫০ মাইল পথ ক্ষণ [illegible] বিশ্রাম না করিয়া যুদ্ধ ক্ষেত্রে উপস্থিত হয়। তু[illegible] ইহা দেখিয়া পলায়ন করে। এই যুদ্ধে ৭ হাজার [illegible] এবং ২২ হাজার তুর্কী সৈন্য নষ্ট হইয়াছে।

—সিপকাপাশের যুদ্ধের বিবরণ বিলাতি স[illegible] পত্রের অনেক সম্বাদ দাতারা প্রকাশ করিয়া[illegible] ২৪শে আগষ্ট শুক্রবারে সলিমান পাশা সিপকাপাশের যুদ্ধ আরম্ভ করেন এবং শনিবার সোমবার অবিশ্রান্ত যুদ্ধ হয়। পর্ব্বত শিখর হত মনুষ্য দ্বারা পরিপূর্ণ হয়। রুশদিগের প্রায় ছয় সহস্র সৈন্য হত আহত হয়। এই যুদ্ধে উভয় রুশিয় ও তুর্কেরা সমান বীরত্ব দেখায়। রুশদিগের সৈন্য অপেক্ষা তুর্কদিগের সৈন্য তিন গুণ হইবে, অথচ রুশেরা এক মুহূর্ত্তের নিমিত্ত রণে ভগ্নোদ্যম দেখায় না, আবার তুর্কেরা এই যুদ্ধ দ্বারা দেখাইয়াছে যে, তাহারা কেবল শত্রুর আক্রমণ হইতে আপনাদিগকে রক্ষা করিতে পারে না, তাহারা শত্রুকে বহির্ভাগ হইতে আক্রমণ করিতেও জানে।

—সলিমান পাশার উদ্দেশ্য যে সৈন্যাধ্যক্ষ মাহাম্মদ আলি পাশার সৈন্যের সঙ্গে তিনি মিলিত হন এবং সিপকাপাশ ভিন্ন আরো অনেক পথ ছিল যাহা দ্বারা তিনি বলকন পর্ব্বত উলংঘন করিয়া তাহার এই অভীষ্ট সিদ্ধ করিতে পারিতেন। আবার সিপকাপাশ ভিন্ন অপর পথ দিয়া গমন করিলে তিনি অপেক্ষাকৃত নির্ব্বিঘ্নে মহাম্মদ আলি পাশার সঙ্গে মিলিত হইতে পারিতেন, কিন্তু তাহা হইলে ত বীরত্ব দেখান হয় না। সলিমান পাশা এই নিমিত্ত সংকল্প করিয়াছেন যে সিপকাপাশ দিয়া তিনি গমন করিবেন এবং যদিও সিপকাপাশে জয় লাভ করা নানা কারণে তাহার পক্ষে কঠিন হইবে তথাচ তিনি সংকল্প করিয়াছেন এই পথ ভিন্ন অপর কোন পথ দিয়া গমন করিবেন না।

—ইটালিতে কি রূপে তিন জন নির্দোষী ব্যক্তি [rাজ] দণ্ডে যাবজ্জীবন দ্বীপান্তরিত হয় গতবার আমরা [ত]াহা প্রকাশ করি। সম্প্রতি রস্তগফতার নামক বোম্বাই-[এ]র এক খানি সম্বাদ পত্র হইতে এই রূপ আর একটী [ঘট]না উদ্ধৃত করিলাম। দাদা জীবা নামক এক ব্যক্তির নামে তাহার শত্রুগণ রাজ বিচারে ইহাই বলিয়া অভিযোগ করে যে সে ডাকাইত। রাজ বিচারে দাদা জীবার অপরাধ সাব্যস্ত হওয়াতে সে যাবজ্জীবন দ্বীপান্তরিত হয়। দাদা জীবের একটি ভগ্নি ছিল। যখন সে এই বিপদে পড়ে, তখন তাহার ভগ্নি বারানসী তীর্থে গমন করে। ভগ্নি গৃহে প্রত্যাগমন করিয়া ভ্রাতার বিপদের কথা শ্রবণ করে এবং আপন বাটী ঘর দুয়ার পরিত্যাগ করিয়া সন্যাসিনী হইয়া ভ্রাতার নির্দোষিতা প্রমাণ করিবার নিমিত্ত বহির্গত হয়। সে এই উদ্দেশে নানা স্থানে ভ্রমণ করে এবং নানা স্থান হইতে বর্তৃপক্ষীয়দিগের দ্বারা ভ্রাতার নির্দোষিতার প্রমাণ সংগ্রহ করে। ভগ্নি এই রূপে সহোদরের নির্দোষিতার বিস্তর প্রমাণ সংগ্রহ করে। [এ]বং এই সমুদয় প্রমাণ সহ অনারেবল রজারস্ সাহেবের নিকট সে দরখাস্ত করে। রজারস্ সাহেব তাহার ভ্রাতা নির্দ্দোষী কি না তাহার বিস্তর অনুসন্ধান করেন এবং নানা বিধ প্রমাণ দ্বারা তাহার প্রতীতি জন্মে যে দাদা জীব নির্দোষী। তিনি নির্দোষিতার প্রমাণ প্রাপ্ত হইয়া দাদা জীবকে মুক্তি দেন এবং সে দশ বৎসর নির্ব্বাসন পরে গৃহে প্রত্যাবর্ত্তন করে, কিন্তু তাহার ভগ্নির যত্ন সফল হইয়া কেবল তাহার মনস্তাপের কারণ হইয়াছে। দাদা জীবের নির্দোষিতা প্রমাণ হইয়াছে ও রাজ পুরুষেরা তাহাকে মুক্তি দিয়াছেন ইহা শুনিয়া তাহার মনে এত আনন্দ হয় যে সে তাহার বেগ সম্বরণ করিতে না পারিয়া উন্মাদ হইয়াছে এবং সে নির্ব্বাসন হইতে প্রত্যাগমন করিয়া এখন কোলাবার উন্মাদ গৃহে অবস্থিতি করিতেছে।

—দুই জন ইংরাজ পোলিস কনেস্টেবেল কোন [...]ন অধিকারীর উপর অত্যাচার করে। এই [...] কলিকাতার মাজিস্ট্রেট মার্সডেন সাহেব ইহা-[...] দণ্ড করেন। কনেস্টেবল দ্বয় কারাগার হইতে [...] হইয়া কলিকাতার পোলিস কমিশনারের নিকট শপথ পূর্ব্বক বলে যে তাহারা নির্দোষী, কেবল প্রমাণ অভাবে মাজিস্ট্রেট তাহাদিগকে শাস্তি প্রদান করেন। কমিশনার কনেস্টেবেলদিগের কথা প্রত্যয় করিয়া তাহাদিগকে পূর্ব্বের কর্ম্মে নিযুক্ত করিয়াছেন। মাজিস্ট্রেট মার্সডেন সাহেব ইহাতে অসন্তুষ্ট হইয়া গবর্ণমেণ্টকে অবগত করিয়াছেন যে, কনেস্টেবেলেরা বিচারালয়ে দণ্ডিত হয়, এখন তাহাদিগকে পুনর্ব্বার নিযুক্ত করিলে পোলিস কমিশনার শুদ্ধ অন্যায় কাজ করিবেন না, আদালতের প্রতি অবজ্ঞা দেখা-[...]ইবেন। পোলিস কমিসনারও তাহার আপন মত [স]মর্থন করিয়া গবর্ণমেণ্ট পত্র লিখিয়াছেন। এক [...]দকে কলিকাতার পোলিস কমিসনার, অপর দিকে [ক]লিকাতার চিফ মাজিস্ট্রেট, সুতরাং ইডন সাহেব কি বিচার করেন তাহা জানিবার জন্যে অনেকের কৌতুহল হইয়াছে।

—আগস্ট মাসের শেষ সপ্তাহে কলিকাতা হইতে উত্তর পশ্চিমাঞ্চলে আড়াই লক্ষ থোলে রপ্তানি হয়। উত্তর পশ্চিম অঞ্চল হইতে যে শস্যের রপ্তানি হইতেছে, তাহারই নিমিত্ত এক সপ্তাহে কলিকাতা হইতে এত থোলে প্রেরিত হয়, সুতরাং সেখান হইতে কি পরিমাণে [শ]স্যের রপ্তানি হইতেছে তাহা অনায়াসে বুঝা যাইতে পারে।

—মুর্শিদাবাদে তারে সম্বাদ আসিয়াছে যে নবাব নাজিম সত্বর মুর্শিদাবাদে প্রত্যাবর্ত্তন করিতেছেন। এই সম্বাদ শুনিয়া নবাব নাজিমের আত্মীয়গণ দুঃখিত হই-[য়া]ছেন। তিনি অনেক কষ্ট অনেক মনস্তাপ অনেক অপমান সহ্য করিয়াছেন, তাঁহার আরো কোন কষ্ট সহ্য করিতে হইলে তাঁহার আত্মীয় স্বজন অতিশয় মনোবেদনা পাইবেন।

—সুইডজারলাণ্ড হইতে গত মার্চ মাসে মান্দ্রাজে নূতন প্রণালীর নাঙ্গল আনয়ন করা হইয়াছে। গবর্ণমেণ্ট ইহার কার্য্যকারিতার বিষয় পরীক্ষা করিয়া দেখিয়াছেন। এদেশীয় নাঙ্গল অপেক্ষা উহা উৎকৃষ্ট। এদেশে যেরূপ এক রূপ নাঙ্গল দ্বারাই প্রায় সকল রকম ভূমি কর্ষণ করা হয়, সুইডজারলাণ্ডে তাহা নহে। ভিন্ন আকারের নাঙ্গল আছে এবং যেখানে যেরূপ মৃত্তিকা সেখানে সেই রূপ নাঙ্গল ব্যবহার করা হয়। মান্দ্রাজে এই ভিন্ন২ আকারের নাঙ্গলের পরীক্ষা করা হইয়াছে। ইহা দ্বারা সাধারণের কোন উপকার হইবার সম্ভাবনা আছে কি না সে বিষয় এখনো প্রকাশ হয় নাই।

পত্র প্রেরকের প্রতি।

মাহামুদ আবদুল গয় ছুরখাঁ—আপনার পত্র পড়িতে না পারায় আপনার লিখিত বিষয় প্রকাশিত হইল না।

শ্রীদুর্গাদাস সরকার শ্যামবাজার—এক ব্যক্তি জুয়াচুরি করিয়া রায় মোহন লাল মিত্রের নিকট হইতে ৫ টাকা লইয়া যায়। ইনি তাহার আনুপূর্ব্বিক বর্ণন করিয়াছেন।

শ্রী, চৌদ্দগ্রাম—ইনি স্থানীয় মুনসেফ ও মাজিস্ট্রেটকে স্কুল গৃহের পুনঃ নির্ম্মাণার্থ যত্ন করাতে তাহাদের প্রতি কৃতজ্ঞতা স্বীকার করিয়াছেন।

বশম্বদ মুঙ্গের নিবাসী—বরিশালের শ্রীযুক্ত চণ্ডী চরণ তর্কবাগীশ মুঙ্গের ও জামালপুরে উপস্থিত হইয়া হিন্দু ধর্ম্ম সম্বন্ধে দুটি অপূর্ব্ব বক্তৃতা প্রদান করেন এবং সভাস্থ সকলেই ইহা শ্রবণ করিয়া বলেন যে, চতুষ্পাটীস্থ কোন পণ্ডিতের মুখে তাঁহারা এরূপ বক্তৃতা কখনই শ্রবণ করেন নাই। এত দিন হিন্দু শাস্ত্রজ্ঞ পণ্ডিতেরা বিদেশীয়দের রীত্যনুসারে বক্তৃতা দ্বারা নিজ ধর্ম্ম প্রচারের যত্ন করিতে চলিলেন। এটি উন্নতি কি অবনতির চিহ্ন তাহা আমরা জানি না।

শ্রীগোলাম রসুল খাঁ—পত্র প্রেরকের নামটী প্রকৃত হইয়াছে কি না তাহা আমরা জানি না। আমরা অনেক যত্নে তাহার লেখা দ্বারা সিদ্ধান্ত করিয়া ইহা লিখিলাম। তুর্কির সাহায্যার্থে যাহারা টাকা পাঠাইতে ইচ্ছা করেন তাহারা আমাদের এখানে পাঠাইলে আমরা যথা স্থানে পাঠাইয়া দিব।

অপর কতিপয় প্রজা—বারাশত আদালতের দুই একটী গুপ্ত কথা প্রকাশ করিতে ইচ্ছুক হইয়া যে পত্র খানি লিখিয়াছেন তাহা এরূপ অস্পষ্ট লেখা যে আমরা উহা পাঠ করিতে পারিলাম না।

শশী কিশোর রায়, ত্রিপুরা, পোষ্টাফিশ শ্যাম গ্রাম, চৌদেওয়ারি— দুর্গেশ নন্দিনী পুস্তক ক্রয়ার্থ ইনি ১।০ শিকা বঙ্গদর্শনের ম্যানেজার শ্যামাচরণ বাবুর নিকট পাঠান, কিন্তু পুস্তক কি তাহার পত্রের উত্তর পান নাই।

অনাথ বন্ধু সেন, বদরগঞ্জ, মুনসেফ আদালত, রঙ্গপুর—কলিকাতা মেডিকেল হল এন, সি, ঢোল কম্পানির নিকট তাঁহাদের আশ্চর্য্য বটিকার নিমিত্ত রেজিষ্টরি পত্রে ছয় টাকা পাঠান, কিন্তু ইনি এ ঔষধ প্রাপ্ত হন নাই।

আব্দুল হোশেন, কলুটোলা—ইনি হিন্দুদিগের অম্বষ্ঠ সম্মিলনী সভা ও গঙ্গাস্নান প্রায়শ্চিত্তের কথা শুনিয়া হর্ষে বিষাদিত হইয়াছেন। ইহার বিবেচনায় গঙ্গাস্নান দ্বারা প্রায়শ্চিত্ত হয় না।

শ্রীরামদাস চট্টোপাধ্যায় ভবানীপুর চড়কডাঙ্গা— ইহার বিবেচনায় বালকদিগের হস্তে নবেল, নাটক প্রভৃতি পতিত হইলে অনেক অনিষ্টের সম্ভাবনা, অথচ পাঠশালার ছাত্রেরা এই সমুদয় পুস্তক পাঠ করে। ইহার বিবেচনায় যাহাতে এই সমুদয় পুস্তক সুকুমারমতি বালকদিগের হস্তে না পড়ে তাহা করা কর্ত্তব্য এবং তৎ নিমিত্ত [...] যাহাতে এই শ্রেণীর পুস্তক যত কম গৃহীত হয় তত মঙ্গল। পত্র প্রেরক যেরূপ মত প্রকাশ করিয়াছেন আজ কাল অনেকেই এই রূপ মত প্রকাশ করিতেছেন।

শ্রীনন্দ কৃষ্ণ বসু, জ্ঞানদীপিকা সভার সম্পাদক— কি উপায়ে কন্যা বিবাহের উৎপীড়ন হইতে বঙ্গীয় সমাজ উদ্ধার পাইতে পারেন তৎ সম্বন্ধে সমাজের সম্ভ্রান্ত লোক এবং সম্বাদ পত্র ও সভা সমূহের মতামত জানিবার নিমিত্ত সাধারণের নিকট প্রার্থনা করিয়াছেন। এই সমস্ত মত অবগত হইলে আগামী শ্রাবণ মাসে একটি সাধারণ সভা আহুত হইবে। পত্র প্রেরকের ঠিকানা ১।৯ নম্বর, শ্যামবাজার, করণওয়ালিস ষ্ট্রিট।

প্রাপ্ত

কায়স্থ কুল রক্ষিণী সভা।

২৫ শে ভাদ্র রবিবারে সার রাজা রাধাকান্ত দেব বাহাদুরের ভবনে এই সভার অধিবেশন হয়। সভাতে অন্যূন দুই সহস্র কায়স্থ উপস্থিত হইয়া ছিলেন। রাজা রাজেন্দ্র নারায়ণ দেব বাহাদুর সভাপতি, বাবু অনুপচাঁদ মিত্র সম্পাদক এবং বাবু জগদুল্লভ বসু ও বাবু কুমার কৃষ্ণ মিত্র সহকারী সম্পাদক পদে নিযুক্ত হন। সভায় ক্রমান্বয়ে ৮টী প্রস্তাব উপস্থিত ও অনুমোদিত হয়।

বাবু কাশীনাথ বিশ্বাসের প্রস্তাবে ও বাবু তারিণী চরণ বসুর পোষকতায় রাজা রাজেন্দ্র বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন। বাবু বেণী মাধব ঘোষ কায়স্থদিগের উৎপত্তি, আদি কুলিনের বিবরণ প্রভৃতি বর্ণন করিয়া সভাস্থ ব্যক্তিগণের উৎসাহ বর্দ্ধন ও মনোরঞ্জন করেন। বাবু সুরেন্দ্র মোহন মজুমদার সভার অধিবেশনে অতিশয় আনন্দ প্রকাশ করেন এবং প্রকাশ করেন যে, তাঁহার স্বর্গগত পিতা কায়স্থদিগকে ক্ষত্রীয় বর্ণে পুনঃ প্রতিষ্ঠিত করিবার যত্ন করেন।

কুমার উপেন্দ্র কৃষ্ণ বাহাদুর প্রস্তাব করেন যে, যাহাতে কোন সদ্বংশজাত কায়স্থ কোন অমূলক ও স্বকল্পিত কায়স্থের সঙ্গে আদান প্রদান করিতে না পারেন তাহার যত্ন করা কর্ত্তব্য। বাবু কাশীনাথ মিত্র তাহার পোষকতা করেন। বাবু গিরীন্দ্র চন্দ্র ঘোষ প্রস্তাব করেন কায়স্থ জাতির বিশুদ্ধ কারিকা যাহাতে প্রস্তুত হয় তাহা করা কর্ত্তব্য। বাবু চন্দ্র কুমার বসু প্রস্তাব করেন যে কারিকা বিচার ও পরীক্ষার নিমিত্ত একটী ম্যানেজিং সভা, ভবিষ্যত কারিকা পরীক্ষা ও পরিশুদ্ধ রাখিবার নিমিত্ত এক জন প্রাজ্ঞ কুলাচার্য্য নিযুক্ত করা এবং বংশজদিগের কারিকা সংগ্রহের নিমিত্ত প্রসিদ্ধ প্রসিদ্ধ সমাজে কুলাচার্য্য প্রেরণ করা, কারিকা প্রস্তুত হইলে উহা মুদ্রিত ও প্রচার করা এবং ম্যানেজিং কমিটীর অধীনস্থ কুলাচার্য্য দ্বারা বিবাহ রেজিষ্টরি করা প্রভৃতি বিষয় সম্বন্ধে প্রস্তাব করেন। বাবু ঈশান চন্দ্র মিত্র ইহার অনুমোদন করেন। বাবু তারক নাথ দত্ত বলেন চাঁদা ও গ্রাম ভেটী দ্বারা উপরিউক্ত বিষয়ের ব্যয় সংকুলন করা কর্ত্তব্য। বাবু নবীন চন্দ্র বসু ইহার পোষকতা করেন। বাবু ভোলানাথ দত্ত প্রস্তাব করেন যে প্রচলিত রীতি নীতির কোন রূপ পরিবর্ত্তন করিতে হইলে ম্যানেজিং কমিটী সাধারণ সভার আহ্বান করিবেন এবং তাহা দ্বারা ইহা স্থিরীকৃত হইবে। বাবু মোহন লাল মিত্র প্রস্তাব করেন যে যদি কেহ সমাজকে তাচ্ছিল্য করিয়া অজ্ঞাত কুলশীল কোন ব্যক্তিকে কায়স্থ সমাজে গ্রহণ করার যত্ন করেন তাহা হইলে ম্যানেজিং কমিটী সাধারণ সভার আহ্বান করিবেন, এবং সাধারণ সভা ইহার কি করা কর্ত্তব্য স্থির ক[illegible] বাবু হর প্রসাদ ঘোষ কন্যা বিবাহ সম্বন্ধে সুনিয়ম প্রচলিত করার প্রস্তাব করেন এবং বাবু পশুপতি নাথ বসু ইহার পোষকতা করেন। বাবু নগেন্দ্র চন্দ্র ঘোষ প্রস্তাব করেন যে ঘটকিনী কর্ত্তৃক অনেক অনিষ্ট হইতেছে, অতএব ঘটকিনী দ্বারা বিবাহের সম্বন্ধ যাহাতে না স্থির হয় তাহা করা কর্ত্তব্য। বাবু যদুনাথ ঘোষ কর্ত্তৃক ইহার পোষকতা হয়।

বাহুবল ও বাক্যবল।

আমাদের দেশের কোন প্রসিদ্ধ লেখক শির্ষোক্ত প্রবন্ধ বঙ্গ দর্শনে লিখিয়াছেন। এত দিন তিনি বঙ্গীয় রস প্রধান অর্থাৎ আদি এবং করুণা বা ক্রন্দন রসোচ্ছ্বাস সমম্বিত উপান্যাস রচনা করিয়া বঙ্গীয় যুবকগণের মনোরঞ্জন করিতে ছিলেন। ইহার ফল সম্বন্ধে মত ভেদ আছে। কেহ২ উক্ত লেখকের ভূয়সী প্রশংস করিয়া বলিয়া থাকেন যে তিনি বঙ্গ ভাষা ও রুচির বিপর্য্যয় উৎকর্ষ সাধন করিয়াছেন। আবার কেহ২ বলেন যে তিনি স্ত্রৈণ বঙ্গ দেশের ভাষায় স্ত্রৈণতা ওধৃষ্টতার পরাকাষ্টা প্রবর্ত্তিত করতঃ বঙ্গীয় যুবকের অন্তরে ঘৃণ প্রবেশ করাইয়া মাতৃ ভূমি বঙ্গ দেশকে উচ্ছিন্ন করিবার নিমিত্ত দৃঢ় সংকল্প করিয়াছেন। ইহার কোন্ মতটি সত্য তাহা নির্ণয় করা উপস্থিত ক্ষেত্রে আমাদের উদ্দেশ্য নহে। কিন্তু কাহিনী ব্যতীত অন্যান্য গুরুতর কথার চর্চ্চা করিলে, সরলচিত্ত বঙ্গীয় যুবকগণকে সাবধান না করিয়া আর নীরব থাকা অত্যন্ত অন্যায় হয়। যদিও ইদানীন্তন বঙ্গদেশের অধিকাংশ রচনাই উদ্দেশ্য বিহীন, তথাপি সেই রচনায় যাহাদের বিশ্বাস হইবে, রচনার পক্ষপাত অনুসারে তাহাদেরও মনের ভাব নীত হইবে।

উপরিউক্ত প্রব ন্ধ লেখক বাক্য বলের শ্রেষ্ঠত্ব প্রতিপাদনে চেষ্টা করিয়াছেন এবং স্পষ্ট করিয়া মুক্ত কণ্ঠে বলিয়াছেন যে "সামাজিক অত্যাচার নিবারণের বাক্যবল এক মাত্র উপায়।" আমরা তাঁহার এই কথায় একেবারে চমৎকৃত হইয়াছি। তিনি কেবল বাক্যবল দ্বারা সমাজের অত্যাচার নিবারণ করিবেন। সত্য বটে যে বাক্যবল বাহুবল অপেক্ষা শ্রেষ্ঠ। কিন্তু বাক্যবল অন্য বলের বিনা সাহায্যে কোন্ কালে কি মহৎ কার্য্য করিতে পারিয়াছে বা করিতে পারে? তিনি মুষা, ইষা, শাক্য সিংহ প্রভৃতির নাম করিয়া বলিয়াছেন যে, তাঁহারা কেবল বাক্যবলে পৃথিবীর বহু ইষ্ট সাধন করিয়াছেন। হে বঙ্গীয় প্রিয় যুবকগণ! আপনারা কি এই কথাতেই ভুলিবেন? তাঁহারা কি বাক্য বলে এতাদৃশ সমাজ বিপ্লব করিতে সক্ষম হইয়াছিলেন? প্রনিধানপূর্ব্বক তলাইয়া দেখুন। কোন্ বলে মুষা তাদৃশ বিপর্য্যপ্ত অবস্থা পরম্পারার অবিচলিত ভাব রক্ষা করিয়া বাক্যবল প্রয়োগে সমর্থ হইয়াছিলেন? কোন্ বলে ইষা অনায়াসে ক্রুশ যন্ত্রের যন্ত্রণা ভোগ করিয়াছিলেন? কোন্ বলে শাক্য সিংহ রাজ্য সুখ বিসর্জ্জন দিয়া জ্ঞান আলোচনা ও বাক্যবল প্রয়োগে সমর্থ হইয়াছিলেন? কোন্ বলে চৈতন্য যগাই মাধাইকে বশীভূত করিতে পারিয়াছিলেন? এই সমস্ত কি বাক্যবল? —না—নীতি বল। এই নীতিবল না থাকিলে তোমার ইষাই বল, মুষাই বল, আর শাক্য সিংহই বল, তাঁহারা অতি সামান্য কার্য্যও করিতে পারিতেন কি না সন্দেহ স্থল। এক্ষণে কি বলিতে চাহ যে নীতিবল স্বতন্ত্র বল নহে, ইহা বাক্যবলের ফল মাত্র? এমন কথা যদি বল, তবে নাচার।

বাক্যবল কেবল নিমিত্তক কারণ মাত্র। বাহুবল নীতিবলের আশ্রয় ব্যতিরেকে কোন মহৎ কার্য্য করিতে পারে না। মনুষ্য শরীরী জীব। তাহার যেরূপ প্রকৃতি তাহাতে বাহুবল, বাক্যবল ও নীতিবল তিনটিই চিরকাল বিদ্যমান থাকিবে। এই তিনের সমবায়ই প্রকৃত বল। তাহা ব্যতিরেকে সামাজিক অত্যাচার নিবারিত হইতে পারে না। বাক্যবলের দ্বারা উপদেশ প্রদান অনুযোগ এবং ক্রন্দন করা যাইতে পারে। এই সকলের দ্বারা কোন ফল উৎপাদন করিতে গেলে বাহুবল ও নীতিবল আবশ্যক, নচেৎ কেবল অরণ্যে রোদন হইবে মাত্র। আমাদের দেশে বাক্য বলের যত দূর উন্নতি হইয়াছে, তদনুরূপ বাহুবলের নীতিবল পুষ্ট হয় নাই। সুতরাং সেই বাক্যবল দ্বারা কোন কার্য্য হইতেছে না। অনেক পুস্তক পড়িয়াছ, অনেক তত্ত্বজ্ঞান মুখস্থ করিয়াছ, বিলক্ষণ বাচালতা হইয়াছে, কেন কোন কার্য্য করিতে পার না?—বাহুবল ও নীতি বলের অভাব। এই ত গেল সমাজের আভ্যন্তরিক অবস্থা। এখন মনে কর তোমার সমাজ কোন নির্দ্দয় মায়াবী পিশাচের হস্তে পড়িয়াছে। তখন তোমার বাক্যবলে কি উপকার করিবে? যত ক্ষণ সেই বাক্যবলের তলে বাহুবল থাকিবে, ততক্ষণ তোমার বাক্যবল কথঞ্চিৎ কার্য্যকারী হইবে। আর যতই তোমার বাহুবল হীনতার পরিচয় প্রকাশ হইতেছে, ততই তোমার বাক্যবল প্রতিকার করা দূরে থাকুক দুঃখের কারণ হইতেছে। তোমার উপদেশও শুনে না, তোমার অনুযোগের নিবৃত্তি হয় না, আর তোমার ক্রন্দনেও দয়া হয় না। তুমি কেবল আপনা আপনি কাঁন্দিয়া গালে চড়াইয়া মরিতেছ।

অতএব হে বঙ্গীয় যুবকগণ! আপনারা কেবল বাক্যবলের প্রতি ধাবমান হইবেন না, তদনুসঙ্গে বাহু বল ও নীতি বলের উন্নতি করুন। তাহা হইলেই প্রকৃতরূপে বলবান হইবেন। তাহা হইলেই আমাদের দেশের উন্নতি হইবে। নচেৎ আমরা মনুষ্যত্ব লাভ করিতে পারিব না, কেবল নিম্ন ভাগে ফিরিঙ্গি ও উর্দ্ধ ভাগে খানসামার বেশধারী এক প্রকার অতি নীচ কর্ম্ম উপযোগী যন্ত্র স্বরূপে থাকিয়া আপনাদিগকে ও বংশাবলিকে উচ্ছিন্ন দিব মাত্র।

বিজ্ঞাপন।

আমার ভ্রাতষ্পুত্র শ্রীমান তারক নাথ চট্টোপাধ্যায় চাকুরির জন্য এসেনশোল গিয়াছিল। তথা হইতে ৯। ১০ মাস অদ্দেশ হইয়াছে। বয়স ২৫। ২৬ বৎসর। দোহারা, উত্তম শ্যামবর্ণ। হাতের কেনোর উপর একটি কাটার দাগ আছে। কিছু গাওনা ও ইংরাজি বিদ্যা জানে। এ ব্যক্তিকে কেহ সন্ধান করিয়া দিতে পারিলে তাঁহার নিকট চিরবাধিত হইব এবং পারিতোষিক পাওয়ার প্রার্থীকে ১৫ টাকা পারিতোষিক দিব। তারক নাথ ইহা জানিতে পারিলে তৎক্ষণাৎ যেন বাটী আইসে, কারণ তাহার মাতা নিতান্ত কাতর।

২৮এ ভাদ্র ৮২ সাল

শ্রীষষ্টিবর চট্টোপাধ্যায়
সাং রায়গ্রাম, পোষ্টাপিশ
নলডাঙ্গা জেলা যশোহর।

ডাক্তার হীরালাল ঘোষের মহৌষধ
৪২নং সারপেন টাইন লেন, ন্যাড়া গিজ্জা,
কলিকাতা।

বাধক বেদনা এবং পরদল বা রজঃস্রাবের মহৌষধ কত শত জ্র লোক এই কষ্ট দায়ক পীড়া হইতে আরোগ্য হইয়াছে তাহ সংখ্যা করা যায় না। বাধক বেদনার ঔষধ ঋতু কালিন একবার মাত্র সেবনে পীড়া আরোগ্য হয়। মূল্য ২ টাকা। পরদল বা রজঃ স্রাবের ঔষধে উভয়বিধ স্রাবেই একবার মাত্র সেবনে আরোগ্য হয়, মূল্য ১ টাকা, উভয় ঔষধের মফস্বলে ৵০ করিয়া পেকিং লাগবে।

সঞ্জীবনী রস॥ ইহা দ্বারা সর্ব্ব প্রকার ঘটিত দোষ, উপদংশ, বাত, ধাতু দৌর্বল্য, অজীর্ণতা অতি শীঘ্র আশ্চর্য্য প্রতিকার করে॥ মূল্য প্রতি বোতল ১॥০ পেকিং ।৵০।

ডাক্তার হীরালাল ঘোষ এলোপেথি ব্যতীত অবধৌত মত উত্তম জানেন। প্রয়োজন হইলে শেষোক্ত মতেও চিকিৎসা করেন। যাঁহারা উৎকট রোগগ্রস্ত হইয়া চিকিৎসায় হতাশ্বাস হইয়াছেন তাহাদিগকে চিকিৎসা করিতে প্রস্তুত আছেন।

ACKNOWEDGEMENT.
MUFESIL SUBSCRIPTIONS.

	Rs.	As.	P.
H. Beveridge Esq. Rungpore.	10	0	0
U. Sarki Dolie Esq. Shillong	10	0	0
Raniguuge Public Library	5	8	0
Babu Ananda Gopal Sen Chittagong	10	0	0
„ Goluck Chandra Datta Hingulia Sylhet	10	0	0
„ Nilmani Chatterjee Cooch Behar	10	0	0
„ Nitya Gopal Biswas Parna, Dacca	10	0	0
„ Prosonno Kumar Das Gaurpur, Barishal	5	0	0
Babu Mothura Nath Pal Chowdhoory Baliadanga, Nadiya	10	0	0
„ Kunja Behari Gupta Matisora, Burdwan	10	0	0
„ Parbati Charan Bhattacharjea Lalpur, Rajshaye	10	0	0
„ Goora Charan Chatterjea Bera, Pabna	12	0	0
„ Nil Kanta Bose Poori	10	0	0
„ Pitambar Sen Birbhoom	10	0	0
„ Prosonno Nath Haldar Pairabanda, Birbhoom	5	0	0
„ Sri Nath Mittra Pairadanga, Rungpur	5	0	0
„ Ram Chandra Bose Lucknow	5	0	0
„ Joggendra Chandra Banerjaa Foolari, Nadiay	10	0	0
„ Mati Lal Sein Kashida, Dacca	5	8	0
„ Shama Kant Banerjea Chouddagram, Tipperah	10	0	0
„ Kirith Chand Shatia Jungipur	5	8	0
„ Thakur Charan Chatterjea Allahabad	2	0	0
„ Chundra Kumar Naugi Allahabad	10	0	0
„ Khetra Chandra Mookerjee Allahabad	10	0	0
„ Peari Mohun Mittra Naikura Barishal	1	8	0
„ Kishari Lal Rai Dacca	22	0	0
„ Benwari Lal Rai Shoidabad, Berhampur	15	0	0
„ Mani Lal Mookerjea Benwaribad, Purulia	12	0	0
„ Poorna Chandra Sirkar Shanihati Korehati	10	0	0
„ Soorja Kumar Rai Lakhikole Goalanda	10	0	0
„ Akhoy Kumar Sein Burishal	10	0	0
„ Gopal Chandra Mookerjea Darbhanga	5	0	0
„ Krisna Mohan Nag Polubari, Rungpur	12	0	0
„ Preo Nath Rai Rajapur Dacca	5	8	0
„ Rajendra Nath Sirkar Koolakana, Hooghli	5	0	0
„ Hari Mohun Datta Jungipur	10	0	0
„ Bharat Chandra Shingu Kharora, Malda	5	12	0
„ Protap Chandra Chatterjea Gya	10	0	0
„ Bepin Behari Shaha Balighata Moorshidabad	5	0	0
„ Parbati Charan Das Poornea	10	0	0
„ Eshan Chandra Shing Medinipur	10	0	0
„ Jolodhar Sha Amta, Manikganj	10	0	0
„ Modhu Shoodan Ghosal Chowra, Dinajpur	10	0	0
„ Joggendra Naryan Choudhoory Roopshi, Dhoobri	10	0	0
„ Brojo Kant Rai Choudhoory Kalashkati, Bakergange	10	0	0
„ Dwarka Nath Chuckerbati Katak	10	0	0
„ Boroda Shanker Goopta Bhanga, Faridpur	5	8	0
„ Boykant Lal Das Moochia, Maldha	5	0	0
„ Tara Prosonno Rai Behea	6	0	0
„ Chundra Nath Ghosal Pankhabari	5	0	0
„ Ambica Charan Chatterjea Saidpur, Rungpur	5	0	0
„ Nobin Chandra Dey Hilli, Rungpur	10	0	0
„ Kali Charan Taraldar Santipur	5	8	0
„ Gooru Das Sein Bauliah	10	0	0
„ Krisna Chundra Choudhoory Setakundu, Chittagong	10	0	0
„ Beni Madhub Moostafi Shilligoori	10	0	0
„ Chundra Kumar Mookerjea Moonshigunj	10	0	0
„ Chakan Lal Rai Chakdighi	10	0	0
„ Abhoy Kant Lahoori Kalepur, Mymenshing	22	0	0
„ Shoshi Bhusun Choudhoory Shamganj Rungpur	10	0	0
„ Joggia Ram Shoobadar Shillong	10	0	0
„ Sri Gobinda Choudhoory Tantiband, Pabna	20	0	0
„ Modhoo Sudan Rai Choudhoory Koondi Rungpur	10	0	0
„ Sripati Mookerjea Debrugar	10	0	0
„ Nimai Charan Chatterjea Debrugar	5	0	0
„ Hem Chandra Banerjea Misripokhra Beneras	10	0	0
„ Dole Gobinda Shing Bankipur	10	0	0
„ Mohadeb Nandi Santipur	10	0	0
„ Janmajoy Dewan Chittagong	10	0	[illegible]
„ Kali Nath Dey Comilla	10	[illegible]	[illegible]
„ Eshan Chandra Ghosal Moheshrakha	11	[illegible]	[illegible]
„ Krisna Naryan Sein Panchdona, Dacca	15	[illegible]	[illegible]
„ Gopal Chandra Saniel Beneras	10	[illegible]	[illegible]
„ Joy Gopal Rakhit Gowhati	10	[illegible]	[illegible]
„ Ananda Kumar Sharbadhikari Ranaghat	10	[illegible]	[illegible]
„ Krisna Dhan Banerjea Korimpur Kooshtea	10	[illegible]	[illegible]
„ Mohendra Nath Ghose Cockri Station, Lucknow	2	0	[illegible]
„ Mangal Bhakut and Ram Lal Ram Dhoolian Pakoor	10	0	0
„ Eshan Chandra Bakshi Dhoobri	4	0	0
„ Poorna Chandra Ghose Monghyr	5	8	0
„ Dwarka Nath Misser Chandanpore, Chandooria	10	0	0
„ Nanda Kumar Ghose Tarragunge, Jessore	10	0	0
„ Russick Laul Rai Soopore, Bulpore	10	0	0
„ Mati Laul Halder Tockvai Darjeeling	10	0	0
„ Bhoodah Sing, Azimgunge	10	0	0
„ Koylash Chandra Chatterji Gowhatty	10	0	0
„ Romoni Mohun Chowdhry Roy Bahadoor Tusvandar Rungpore	10	00	
„ Benode Beharee Sing Jogodhari, Moorshidabad	12	0	0
„ Apurva Krishna Paul Mokama	5	8	0
„ Ramgati Moustaffi Dinapore	5	8	0
Srimrti Bama Soondaree Choudhiranee Poorail Dacca	20	0	0
Secy. Baridi School, Dacca	10	0	0
Moonshi Heshatoolla, Bankura	10	0	0
„ Mohiruddin, Gowhati	10	0	0
„ Hossein Ali Peergacha Mymensingh	10	0	0
„ Rajabali, Rungpur	10	0	0
„ Khodabaksh, Mohiradoon Gazipur	10	0	[illegible]
„ Habioollah Kurigram, Dacca	5	8	0
„ Mahomed Bodialum Chittagong	1	4	0
„ Said Moyzumali Gouranshidibi, Manbhoom	5	0	0
„ Khoyratali, Khorian Purniya	8	0	0
„ Tussodduk Hossein, Nitpur, Dinajpur	10	0	0
„ Jomir Buksh Palubari, Rungpur	5	8	0
„ Shoberati Biswas Jungipur	7	0	0
„ Abdool Aziz Debrughur	5	8	0
„ Deanutoollah Chowdhorsy Shirti, Pauchbibi, Bogra	10	0	0
„ Kossimuddin Mahomed Phansidewa, Jalpaiguri	10	0	0
„ Sayad Khadem Hossein Garmandaran, Burdwan	5	0	0
„ Shaik Najooddeen Shibsagore	5	0	0
Secry Seetabuldee N. Club Nagpore	5	0	0
Narayan Rav Appajirao Inamdar Esqr., Belgam	5	0	[illegible]
Krishnaji Vithal Shivekari Esqr., Kolahapore	5	0	0
G. N. Krishna Rao Esqr., Dindigaul	2	8	0
Gopal Narayan Phadkey Esqr., Poona	5	0	0
S. N. Pundit Bsqr., Rajkot	5	0	0
Durgarm Ghelabhai Hindia Esqr., Munmad	5	0	0
Shrivallable Bhagvanji Esqr., Rajkot	5	0	0

☞ এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চন্দ্র চটুর্য্যের গাল ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবারে শ্রীচন্দ্র নাথ রায় দ্বারা প্রকাশিত হয়।